- যদিও আমি খুবই সাধারণ একজন মেয়ে...
- কী বলছেন, আপনি তুলনাহীনা, অসাধারণ। আপনার মত ভদ্রমহিলা খুঁজে পাওয়া অসম্ভব ব্যাপার....



হিমাদ্রী খুশি হল নীলাঞ্জনাকে ব্লাশ করতে দেখে। কিন্তু নীলাঞ্জনা সঙ্গে সঙ্গেই নিজেকে সামলে নিয়ে বলল

- যাইহোক, যা বলছিলাম। আমি একজন সাধারণ মেয়ে....
- এ আপনার বিনয় ছাড়া আর কিছুই নয়...
- কিন্তু আমার একটা অ্যাম্বিশান আছে...
- আপনার অ্যাম্বিশান থাকবে না তো কি আমার অ্যাম্বিশান থাকবে?
- আমার ধারণা সেটা একমাত্র আমার স্বামীর হাত ধরেই পূরণ হওয়া সম্ভব
- হ্যাঁ সে তো বটেই....

ফ্লো তে উত্তর দিতে দিতেই হিমাদ্রী বুঝল সে ছড়িয়েছে, কপ করে বাকি কথাটা গিলে নিল সে। নীলাঞ্জনা চুপ করে হিমাদ্রীকে সময় দিল এম্ব্যারাসমেন্টটাকে সইয়ে নেওয়ার।

- আমি দুঃখিত, আপনার প্রস্তাবে রাজি হওয়া এই মুহূর্তে আমার পক্ষে সম্ভব নয়।
- না মানে,
- আচ্ছা একটা কথা, সোজাসুজিই বলছি, কিছু মনে করবেন না....
- না না মনে করব কেন?
- একটা জিনিষ ক্লিয়ার করে দিতে চাই যে আমার পক্ষে একজন ওভার অ্যাচিভার ছাড়া কারুকে বিবাহ করা সম্ভব নয়।
- আমাকে কি এই ফিল্টারেই কাটিয়ে দিচ্ছেন?
- মানে আপনি কি খুব সফল একজন মানুষ? বা খুব বিখ্যাত হওয়ার পোটেনশিয়ালস আছে? বেসিকালি সহজ ভাষায় জানতে চাইছি, এখনো পর্যন্ত আপনার জীবনে সফল হওয়ার কোনো সম্ভাবনা দেখা দিয়েছে?

হিমাদ্রী হঠাৎ এতগুলো প্রশ্নের সম্মুখীন হয়ে মাথা চুলকাতে লাগল। তারপর অনেক ভেবেচিন্তে বলল

- একটা কথা তো ঠিক, যে ডুরান্ড কাপটা বাজেভাবে হারলাম কদিন আগে, আগেরবারের আইএসএলটাও জিততে পারলাম না, কিন্তু তার আগের দুবছর আইএসএল পরপর জিতেছি, লীগ জিতলাম, কাপ জিতলাম
- হোয়াট?
- মানে আপনি তো জানেন আমি মোহনবাগান ক্লাবে ফুটবল খেলি, এখনও স্টার্ট করছি না কিন্তু নিয়মিত গেম টাইম পাচ্ছি, এবার থেকে হয়তো ফার্স্ট ইলেভেনে থাকবো....
- মোহনবাগান?
- হ্যাঁ। মোহনবাগান ইস্টবেঙ্গল। আপনাকে তো আর নতুন করে বলার কিছু নেই।
- ফুটবল খেলে সময় নষ্ট করেন, ভারতে?
- আমি কিন্তু বাইরেও খেলেছি, আমার বাবার চাকরির জন্য আমি খানিকটা সময় দেশের বাইরে কাটিয়েছি, ওখানে শিখেছি। জানেন আমাদের টিমে দুজন ওয়ার্ল্ড কাপার আছে। জেসন কামিংস দা আর জেমি ম্যাক্লারেন দা। ম্যাক্লারেন দা বলেছে অস্ট্রেলিয়ার ব্রিসবেনে ব্রিসবেন রোর টিমটায় পরের বছর ট্রায়ালের ব্যবস্থা করে দেবে.....

নীলাঞ্জনার মুখে আষাঢ়ের মেঘ ঘনিয়ে এসেছে দেখে হিমাদ্রী প্রমাদ গুণলো।

- কামিংস দা !! ম্যাক্লারেন দা !! আরে মশাই কী আলফাল বকছেন? মাথার ঠিক আছে তো?
- ইয়ে মানে আসলে কলকাতা ময়দানের তো এটাই রীতি, ধর্ম বর্ণ ন্যাশনালিটি নির্বিশেষে সবাইকে দাদা বলা হয়। সে আজকের কথা নয়, ৯০ সালে চিমা ওকোরি আসার সময় থেকেই এটা চলে আসছে। চিমাদা এখন অবশ্য লন্ডনে...

হিমাদ্রী আবার থামলো। একটু টাইম আউট দরকার। মহিলাদের সঙ্গে কথা বলার অভ্যেস নেই তার।

প্রাককথন

কলকাতা একটা শহর বটে ! মোটামুটি ২ কোটি মানুষ থাকে বা আসা যাওয়া করে প্রতিদিন। তাদের সবার অসংখ্য গল্প আছে, কিছুটা পাবলিক, বাকিটা ব্যক্তিগত। এর মধ্যে কার গল্পের সঙ্গে কার গল্প মিশে যাবে তা আন্দাজ করা মনে হয় স্বয়ং ভগবানেরও অসাধ্য। হিমাদ্রী সরকার আর নীলাঞ্জনা সেনগুপ্তর গল্প এক হওয়ার আপাতদৃষ্টিতে কোন কারণ ছিল না।

হিমাদ্রী সরকার মাঠের বাইরে একজন আপাদমস্তক নিরীহ যুবক। তার জীবন খুবই বোরিং, সে মোটামুটি সারাদিন ধরে প্র্যাকটিস আর জিম করে আর বাড়ি ফিরে মায়ের সঙ্গে বসে পুরনো দিনের সিনেমা দেখে। সে রাজনীতি বোঝে না, সংস্কৃতি সম্বন্ধেও তার খুব একটা আগ্রহ নেই। তার বাবা বহুজাতিক সংস্থায় চাকরি করতেন, মাঝে মাঝেই বিদেশে কয়েকবছরের জন্য

গিয়ে বাস করতে হয়েছে, ছেলেকেও নিয়ে গেছেন আর সেখানেই হিমাদ্রীর ফুটবল শেখার শুরু। বিদেশের বেশ কিছু একাডেমিতে খেলে সে ভারতবর্ষে ফিরে মোহনবাগান জুনিয়র টিমে চান্স পায় এবং এক বছরের মধ্যেই সিনিয়র টিমে খেলতে শুরু করে দেয়। হিমাদ্রীর ছোটবেলার বন্ধু ওয়াসিম, স্পোর্টস ম্যানেজমেন্ট ডিগ্রিধারী, হিমাদ্রীর এজেন্ট হিসেবে কাজ করছে অনেকদিন ধরে। হিমাদ্রী ফাইনান্সও বোঝে না, বন্ধুর ওপর দায়িত্ব ছেড়ে দিয়ে সে নিশ্চিন্ত। হিমাদ্রী সোশ্যাল মিডিয়ায় অ্যাক্টিভ নয়, কারণ সে কোন ঝামেলার মধ্যে থাকতে চায় না, আর তার সময়ও নেই। হিমাদ্রীর একটা ফ্যানবেস আছে, কিন্তু নীলাঞ্জনার পৃথিবীর সঙ্গে সেই ফ্যানবেস ভেন ডায়াগ্রামের ভাষায় মিউচুয়ালি এক্সক্লুসিভ !!

নীলাঞ্জনা সেনগুপ্ত জেএনইউ থেকে মাস্টার্স করে কলকাতায় ফিরেছেন। ভদ্রমহিলা সফিস্টিকেটেড মহলে ঘোরাফেরা করেন, ফ্লুরিজে চা খান, আঁলিয়াজঁ ফ্রাঁসেতে নিয়মিত যাতায়াত করেন, লোকের সঙ্গে আপনি করে কথা বলেন এবং তাঁর অসংখ্য পাণিপ্রার্থীদের এড়িয়ে চলার চেষ্টা করেন। অতীব নম্র, অতীব ভদ্র, এবং হাল্কা স্নবিশ। আন্দাজ করা যায় তাঁর ভবিষ্যৎ সন্তানকে তিনি শিক্ষা দেবেন যে তাঁদের বাড়িতে একটাই ঠাকুর, রবীন্দ্রনাথ ঠাকুর!! তাঁর জীবনের আইডল হল তাঁর পিসি শ্রীমতি তরঙ্গিণী সেন। শ্রীমতি সেন কলকাতার একটি বিখ্যাত ফিল্মক্লাবের প্রতিষ্ঠাত্রী। নীলাঞ্জনার পিসেমশাই, বিখ্যাত ব্যবসায়ী মিস্টার গৌতম সেন এই ফিল্মক্লাবের পৃষ্ঠপোষক। নীলাঞ্জনার মাঝে মাঝে সন্দেহ হয় পিসেমশাইয়ের এই ব্যাপারে ইন্টারেস্টটা জেনুইন নয়, বোধহয় পিসির পাল্লায় পড়ে .... সে যাই হোক, নীলাঞ্জনার পিসেমশাই তার খুব পছন্দের মানুষ। তবে ইদানীং দেখা হলে বিয়ের কথাটা মাঝে মাঝে তুলছেন। এদিকে মিসেস সেনের ইচ্ছে তাঁর ফিল্মক্লাব দেশের সবচেয়ে নাম করা ফিল্মক্লাব হয়ে উঠবে, দেশ বিদেশ থেকে সিনেমাজগতের বিভিন্ন গুণীমানুষ আসবেন, যাকে বলে সংস্কৃতির হদ্দমুদ্দ !! মিসেস সেনের ফিল্মলাইনে নাম আছে ক্রিটিকস হিসেবে, ফিল্মক্লাবের সদস্যরা বিভিন্ন ইনফ্লুয়েনশিয়াল কমিটিতে থাকেন, বিভিন্ন ফিল্মসংস্থা নিয়মিত ওঁদের কাছ থেকে মতামত নেয়। নীলাঞ্জনা প্রতি রবিবার দুপুরের দিকে পিসির বাড়ি গিয়ে ফিল্মক্লাবের কাজে সাহায্য করে এবং মন দিয়ে সমস্ত আলোচনা শুনে নিজেকে সমৃদ্ধ করার চেষ্টা করে !!

লোকেশন লোকেশন লোকেশন !! দামি রেস্তোরাঁর খাবারের দাম দেখে মানুষ ঠিক এইটা বলেই মনকে সান্ত্বনা দেয়। এই গল্পেও লোকেশনটা ভীষণ ইম্পর্ট্যান্ট। রোববার দিন খেলা না থাকলে হিমাদ্রী দুপুরে যায় তার ছোটবেলার ফুটবল একাডেমি - ক্যালকাটা ফুটবল সেন্টারে। বাচ্চাদের সঙ্গে খেলা, তাদের পায়ে ধরে শেখানোটা সে দারুন এনজয় করে। ক্যালকাটা ফুটবল সেন্টারের গোলপোস্টের পাঁচিলের ঠিক পিছনে তরঙ্গিণী সেনের বাগানবাড়ি। সেখানে শীতের দুপুরে চেয়ার পেতে ফিল্মক্লাবের সদস্যরা রোদ পোয়াতে পোয়াতে বিশ্ব চলচ্চিত্র নিয়ে জ্ঞানগর্ভ আলোচনা করেন। ফুটবল মাঠের বল প্রায়শই গিয়ে পড়ে বাড়ির বাগানে। এবং সেই বল আনতে গিয়ে বিস্তর গঞ্জনা সইতে হয় ফুটবলের লোকেদের। সত্যি কথা বলতে গেলে কি, ফুটবলের আর ফিল্মের লোকদের মধ্যে সম্পর্ক একেবারেই ভাল নয়. একমাত্র এলাকার কাউন্সিলারদের কোন অনুষ্ঠানে এঁদের এক মঞ্চে দেখা যায়, আদারওয়াইজ এঁরা একে অপরের সঙ্গে একটা চাপা বীতরাগ মেনটেইন করেই চলেন।

সেদিন হিমাদ্রী কী করে গোলপোস্টের ফার কর্নারে ফ্রি কিক নিতে হয় শেখাচ্ছিল। একটা বল মেরেই বুঝলো জোরে আর উঁচু হয়ে গেছে। সেকেন্ডের মধ্যে বলটা পাঁচিলের ওপারে অদৃশ্য হয়ে গেল আর সঙ্গে সঙ্গে ওপারের বাড়ি থেকে একটা হাঁউমাঁউ করে চিৎকার উঠলো। সেন্টারের

কোচ মাথায় হাত দিয়ে বসে পড়লেন। ছেলেরা এসে হিমাদ্রীকে ধরে পড়ল - স্যার আপনি যান, আপনি গেলে কেউ কিছু বলবে না। অগত্যা সে গিয়ে বাড়িটার গেটের সামনে দাঁড়ালো। ২৫ জোড়া রিপ্রোচফুল চোখের দৃষ্টি এড়িয়ে সে দেখল একজন যুবক মাথা চেপে ধরে ঘাসের ওপর পড়ে আছে, তার মাথায় নীল রঙের চুল, কানে দুল, মুখে চাপদাড়ি আর পরনে রঙিন পাঞ্জাবি পায়জামা। মিসেস সেন তার পাশে দাঁড়িয়ে বোধহয় ভেতরে কারুকে ডাকাডাকি করছেন। আরও দুজন তার দৃষ্টি আকর্ষণ করল। এক প্রৌঢ় ভদ্রলোক মোটা গোঁফের আড়ালে মুচকি মুচকি হাসতে হাসতে পাইপ চিবোচ্ছিলেন। হটাৎ মিসেস সেন তাঁর দিকে কটমট করে চাইতেই তাঁর হাসি বন্ধ হয়ে গেল আর তিনিও তড়িঘড়ি "দাঁড়াও, আমি দেখছি ভরদ্বাজকে দিয়ে একটু বরফ আনানো যায় কিনা " বলে বাড়ির ভেতর অদৃশ্য হয়ে গেলেন।

আর একজন? ছেলেটির পাশে আরও যারা ছিল তাদের মধ্যে একজন হাতে একটা জলের বোতল নিয়ে ছেলেটির মাথায় জল দিচ্ছিল। নীল শাড়ি, মিনিমাল মেকআপ, উদ্ধত গ্রীবা ঘুরিয়ে সে যখন হিমাদ্রীর দিকে তাকালো, হিমাদ্রীর মনে হল যেন স্বর্গ থেকে কোন অপ্সরা নেমে এসেছে। হিমাদ্রী ওখানেই পড়ল এবং মরল। পড়েই মরল না মরেই পড়ল সেটা তর্কসাপেক্ষ কিন্তু একে না পেলে যে জীবন বৃথা সেটা বুঝতে তার দেরি হল না। সুতরাং মিনিট পাঁচেক চারদিক থেকে তীব্র উষ্মা সয়ে হিমাদ্রী যখন দেখল



যে সেই নীল শাড়ি পরিহিতা বলটা হাতে নিয়ে এগিয়ে আসছেন তখন তার একেবারে খারাপ লাগছিল না। সে বলটা হাতে নিয়ে মাথা নিচু করে একটা সরি বলে সেখান থেকে কেটে পড়ল।

পুরনো দিনের বাংলা রহস্য উপন্যাসে যখন আর প্লটের রশি সামলানো যেত না তখন প্রায়শই লেখক এইধরনের জেনেরিক লাইন ব্যবহার করতেন " কোথা হইতে কী হইল বুঝা গেল না, মোহন হটাৎ দেখিল সে জলের উপর ভাসিয়া উঠিয়াছে "! প্রথম দিনের সেই বিব্রতকর আলাপের পরে হিমাদ্রী কীভাবে নীলাঞ্জনার সঙ্গে যোগাযোগ করে তাকে প্রস্তাব দিয়ে, তার সঙ্গে লেক মলে বসে কফি খাচ্ছে আমরা সেটাকে স্বচ্ছন্দে উপরোক্ত ধারায় ফেলে দিতে পারি। আর সত্যি কথা বলতে কী হিমাদ্রী যখন সেইসব লজিস্টিকাল ঝামেলা সামলেই নিয়েছে সেগুলো আর রিভিসিট করে পাঠককে আবার শিরঃপীড়ার মধ্যে না নিয়ে গিয়ে ফেলাই ভাল।

আমরা আবার লেক মলে ফিরে যাই।

যদি বলো হ্যাঁ , বিসিএসে বসে যাব আমি

সাময়িক বিরতির পর নীলাঞ্জনা বলল

– এনিওয়ে, দেখুন অ্যাচিভমেন্টের কথা সরিয়েই রাখলাম। কিন্তু ব্রেন আর ব্রনের মধ্যে একটা ডিফারেন্স আছে তো।

হিমাদ্রী চুপ করে রইলো। আগ বাড়িয়ে কথা বলার মাসুল খানিক আগেই দিয়েছে সে। তার একটা বেসিক বুদ্ধি আছে, খেলার নিয়মটা সে আস্তে আস্তে বোঝার চেষ্টা করছে। নীলাঞ্জনাকে সে কন্টিনিউ করতে দিল।

– আমি একজন বৌদ্ধিক মানুষ। ইন্টেলেকচুয়ালিজম আমার পছন্দ, ঠিক যেমন পছন্দ ইন্টেলেকচুয়াল পুরুষ।

– যেমন ওই বিহান ভটচারিয়া?

হিমাদ্রী তার কন্ঠস্বরের বিরক্তি আর চেপে রাখতে পারল না

- ওই বিহান ভটচারিয়া নয় মিঃ, দা বিহান ভটচারিয়া
- ওইটা একটা....
- একটা কী মিঃ সরকার?

বিপজ্জনক বাঁকে এসে থেমেছে কথাবার্তা। যে চার অক্ষর তার মাথায় এসেছিল বিহানের জন্য, সেইটা খেলার মাঠের খুব সাধারণ লব্জ হলেও নীলাঞ্জনার সামনে বললেই সাইবেরিয়ায় ব্যানিশমেন্ট তার হয়ে যাবে। সে প্রসঙ্গ পাল্টালো -

- দেখুন মিসেস সেনগুপ্তা, আমার সম্বন্ধে আপনার অ্যাসেসমেন্ট ভুল!
- ভুল?
- হ্যাঁ ভুল। আপনার ধারণা আমি ইন্টেলেকচুয়াল সমাজে মেশার মত যোগ্য নই?

নীলাঞ্জনা ভদ্রতা করে কিছু বলল না। হ্যাঁ টা তার গলার কাছে প্রায় এসে গিয়েছিল।

- আমি আপনার ধারণা ভুল প্রমাণ করে দেব। এই রোববার থেকেই আমি আপনাদের ফিল্মক্লাবে যোগদান করছি। সেখানেই বুঝতে পারবেন....
- রিয়েলি?
- একশোবার!!

নীলাঞ্জনার মুখে অবাক আর খুশিভাব একসঙ্গে ফুটে উঠলো

- ওয়েল, মিঃ সরকার, দ্যাট ওয়াজ টোটালি আনএক্সপেক্টেড!!
- আসুন, আপাতত আপনাকে বাড়িতে ড্রপ করে দি

হিমাদ্রী সানগ্লাসটা পরে আর টুপিটা চোখের ওপর নামিয়ে উঠে দাঁড়ালো।

জীবন যখন শুকায়ে যায়

১৫ই আগস্ট যখন পাড়ায় পাড়ায় বাঁশ বেঁধে গোলপোস্ট তৈরি করে ফুটবল টুর্নামেন্ট খেলা হয় তখন একধরনের খেলোয়াড় পাওয়া যায় যাদের নিজেদের ক্ষমতা সম্বন্ধে ধারণা আর অ্যাকচুয়াল ক্ষমতার মধ্যে একটা গ্র্যান্ড ক্যানিয়নের মত ফাঁক আছে। এরা নিজেদের টিম হাফটাইমে ০-৩ গোলে পিছিয়ে থাকার সময় বারমুডার দড়িটা জড়াতে জড়াতে বলে, "আরে তিনটে তো গোল, দাঁড়া এবার আমি নামছি, দেখ কি হয় !!" এবং খেলার শেষে যখন দেখা যায় যে উক্ত ভদ্রলোক একটি সেমসাইড গোল করে এবং নিজেদের পেনাল্টি বক্সে ফাউল করে বিপক্ষকে একটি পেনাল্টি পাইয়ে দিয়ে খেলাটাকে ০-৫ এ শেষ করেছেন, তখন টিমের বাকি সদস্যরা যদি মনে করে যে ভদ্রলোকের বারমুডাটি খুলে নেওয়া তাদের অবশ্যকর্তব্য তাহলে তাদের বোধহয় খুব একটা দোষ দেওয়া যায় না।

ঠিক এইরকমভাবেই হিমাদ্রী ফেঁসে গেল ফিল্ম সোসাইটিতে যোগ দিয়ে। তার ধারণা ছিল ফিল্ম সোসাইটিতে গুপী গাইন বাঘা বাইন বা বসন্ত বিলাপ জাতীয় ফিল্মটিম দেখানো হয় কিন্তু সে বুঝতে পারেনি যে তাকে বসে বসে রোববার দুপুরে ২ ঘন্টা ধরে বক্তৃতা শুনতে হবে। আর সে কি ভয়ংকর বোরিং সব আলোচনা রে ভাই!! ৫ মিনিট শুনলে নেক্সট ৩৫ মিনিট তার চরম ঘুম পায় !! কিন্তু তাও সে পারত, সামলে নিতে পারত, যদি না...

যদি না বিহান ভট্টাচার্য নামের ওই উজবুকটা না থাকত !! সেই নীল চুল, সেই কানে দুল, যদি না বিহান ভট্টাচার্য নামের ওই উজবুকটা না থাকত !! সেই নীল চুল, সেই কানে দুল, সেই রঙিন পাঞ্জাবী, মাথায় বল খেয়ে কেলিয়ে পড়েছিল যে ছেলেটা। সে নাকি উঠতি ফিল্মমেকার। এবং সে যে সে জঁরের পরিচালক নয়, সে একেবারে রাশিয়ান নিও রিয়ালিজমের একনিষ্ঠ অনুসরণকারী। তার ফিল্ম রিলিজ হতে হতেই নাকি সিনেমা হল থেকে উঠে যায় কিন্তু তার কারণ ব্যাখ্যা করতে গিয়ে সে বলে " সত্যজিৎও বলেছিলেন যে উই হ্যাভ আ ফেয়ারলি ব্যাকওয়ার্ড অডিয়েন্স হিয়ার!!" আরে ভাই, এসব ডায়ালগ দেওয়ার আগে অন্ততঃ খুদা কা খওফ করো ইয়ার!! তার সিনেমা নাকি বিদেশের ফিল্ম ফেস্টিভ্যালে খুব যায়। সেইসব ফেস্টিভ্যালের নাম কেউ কখনো শুনেছে কিনা কেউ জানে না, অথচ লোকজন তাতেই নেচে মরছে !! মিসেস সেনের কথায় কথায়, বিহান এই বিহান

সেই। বিহান ভট্টাচার্যই হচ্ছে এই ফিল্মক্লাবের রকস্টার।



কিন্তু এগুলো বড় কথা নয় - বড় কথাটা হল - নীলাঞ্জনা !! এই বিহানের প্রতি নীলাঞ্জনার যে নিবেদন, যে শ্রদ্ধা, যে মর্যাদা জ্ঞাপন সেটা দেখে হিমাদ্রীকে যুগপৎ রাগ এবং হতাশা গ্রাস করতে লাগল। সে নীলাঞ্জনার কাছে আগেই আভাস পেয়েছিল, লেক মলের আউটবারস্ট সেই কারণেই, কিন্তু এখন চোখের সামনে সেটা ঘটতে দেখে তার বুকটা ফেটে যাচ্ছিল। নীলাঞ্জনা যখন তাকে বিহান সম্বন্ধে পরিচয় করাচ্ছিল তখন বলেছিল

- মিঃ ভটচারিয়া একজন ইয়ং প্রতিভাবান পরিচালক। হিউজ পোটেনশিয়াল। ক্রিটিকরা বলাবলি করছেন - এইরকম রাশিয়ান স্টাইলের পরিচালক বাঙালীদের মধ্যে দেখা যায় না
- কিন্তু সেটা কি খুব ভাল ব্যাপার? বাঙালী পরিচালকরা বাঙালী স্টাইলেই সিনেমা করলেই ভাল হয় না কি?
- কী যে বলেন? বাঙালী বাঙালী স্টাইলে সিনেমা করলে চলে না কি? কেউ তাকিয়েও দেখবে না।
- কিন্ত শুনেছি যে মালায়ালম সিনেমাগুলো ওরা আজকাল মালায়ালম ভাবেই করছে। জানেন মিন্নাল মুরালি বলে একটা সুপারহিরো মুভি দেখলাম ..
- দেখুন সে কেরালার লোক যা করে করুক, আমরা বাঙালী। আমরা আন্তর্জাতিকতাবাদে বিশ্বাস করি, আমরা যদি শুধু নিজেদেরকে নিয়ে সিনেমা করি তাহলে চলবে কী করে? মিঃ ভটচারিয়া তো এটাই বলেন। দেখুন মিঃ সরকার, এইজন্যই আপনাকে বলি ইন্টেলেকচুয়ালি আপনাকে আরও উন্নতি করতে হবে ....

এইরকম প্রাণান্তকর অবস্থার মধ্যে হিমাদ্রী বিহানের একটা বক্তৃতা শুনছিল। কিছু দারিদ্র্যপীড়িত ছবি দিয়ে তৈরি স্লাইড দেখিয়ে গলা ভারী করে বিহান বলছিল –

" 'চেরনুখা' (Chernukha) হলো রাশিয়ান সিনেমা ও সাহিত্যের এমন একটি ধারা, যা জীবনের সবচেয়ে অন্ধকার, নির্মম এবং কুৎসিত বাস্তবতাকে কোনো রকম ফিল্টার বা রাখঢাক ছাড়াই দর্শকদের সামনে তুলে ধরে। রাশিয়ান শব্দ "চেরনো" (Cherno) যার অর্থ কালো বা অন্ধকার, সেখান থেকেই এই 'চেরনুখা' শব্দটির উৎপত্তি।

সহজ কথায়, এটি হলো চরম বাস্তবতাবাদ (Hyper-realism), যেখানে রোমান্টিকতা বা আশার কোনো স্থান নেই।

হতাশা ও ধূসর পরিবেশ: এই সিনেমাগুলোতে কোনো ঝলমলে দৃশ্য থাকে না। শিল্পাঞ্চলের ভাঙাচোরা আবাসন, নোংরা রাস্তাঘাট, তীব্র শীত এবং ধূসর রঙের প্রাধান্য থাকে, যা মানুষের ভেতরের মানসিক একাকীত্ব ও হতাশাকে ফুটিয়ে তোলে।

সামাজিক অবক্ষয়ের নগ্ন চিত্র: মদ্যপান, পারিবারিক সহিংসতা, মাদকাসক্তি, অপরাধ এবং পতিতাবৃত্তির মতো বিষয়গুলোকে খুব স্বাভাবিক এবং নির্মমভাবে দেখানো হয়। ....."

শুনতে শুনতে হিমাদ্রীর ঘুমে চোখ বুজে আসছিল। শেষের দিকটায় তার ইচ্ছে হচ্ছিল দৌড়ে গিয়ে বিহানের পশ্চাৎদেশে একটা লাথি মেরে ফাউল করে বসে। কিন্তু তা হলেই নীলাঞ্জনার কাছে তাকে রেড কার্ড দেখতে হবে। অতএব সে বসে রইল দাঁতে দাঁত চেপে। লোকে বুঝুক না বুঝুক এইসব বড় বড় কথা শুনলেই তারা ধেই ধেই করে হাততালি দেবে !!

আলোচনা শেষ হলে দেখল যে নীলাঞ্জনা

বিহানকে নিয়ে তার দিকে এগিয়ে আসছে।

হিমাদ্রী এমনিতেই চুপচাপ বসে থাকে লাস্ট সিটে, কারুর সঙ্গে কথাও বলে না, সে যে এক্সিস্ট করে সেটা লোকে আদৌ জানে কিনা সন্দেহ!! সুতরাং নীলাঞ্জনাকে আসতে দেখে সে অবাকই হল।

- মিঃ সরকার, জাপানী ডায়রেক্টর কিয়োশি কুরোসাওয়ার ব্যাপারটা শুনলেন?
- হিমাদ্রী অন্যমনস্ক ভাবে বলল
- রিপ, রিপ। খুবই দুঃখজনক খবর।
- আরে উনি মারা যাবেন কেন? উনি

কলকাতায় আসছেন, নেক্সট রোববার এখানে আসবেন। আপনি আসবেন তো?

হিমাদ্রী চট করে দেখে নিল বিহানের মুখে মুচকি হাসি। মনে মনে বলল - "হারামজাদা"!!

তারপর ম্লান হেসে নীলাঞ্জনাকে বলল,

- আসব!!

তাই তোমার আনন্দ, আমার পর

(ইচ্ছে ছিল জাপানী উচ্চারণে বাংলাটা বলার কিন্তু দুটো কারণে শুধু নামগুলো ছাড়া আর কিছুতে জাপানী উচ্চারণ লাগলাম না। এক, জিনিষটা সুখশ্রাব্য না হয়ে পাঠকের বিরক্তি উৎপাদন করতে পারে। আর দুনম্বর, সঠিক জাপানী উচ্চারণ নামাতে গেলে যে পরিমাণ AI এর সাহায্য নিতে হবে আর কুইন্সল্যান্ড সরকার যেমন বলছে যে AI ডেটা সেন্টারের জন্য গ্রিন এনার্জি ব্যবহার করবে না বা কম করবে, সেহেতু রেস্পন্সিবল পজিশন হবে AI কে বেশি না খাটানো)

পরের রোববার দুপুরে গিয়ে হিমাদ্রী দেখল ক্লাবে হইচই পড়ে গেছে। জাপানী পরিচালক এসে বসে আছেন সভা আলো করে আর মিসেস সেন ভীষণ রকম ব্যস্ত হয়ে ছোটাছুটি করছেন। নীলাঞ্জনাকে দেখে তার মনটা ভালো হয়ে গেলেও তার সঙ্গে গর্দভসন্তানটাকে দেখে আবার মনটা খিঁচড়ে গেল। বিহান এমন ইম্পরট্যান্ট হাবভাব করে ঘুরে বেড়াচ্ছে যে মনে হচ্ছে যেন তারই পিতৃদেবের বিবাহ সম্পন্ন হচ্ছে। মরুক গে যাক ভেবে হিমাদ্রী তার ইউজুয়াল লাস্ট সিটে বসে তাদের আজকের গেস্টকে লক্ষ্য করতে লাগলো। ভদ্রলোক মুখে একটা মাস্ক পরে বসে আছেন। জাপানীরা এরকম মাস্ক পরেই থাকে কিন্তু হিমাদ্রীর যেটা আশ্চার্য লাগলো দেখে যে ভদ্রলোকের চোখে একরাশ বিরক্তি। দেখেই বোঝা যাচ্ছে যে একেবারেই এনজয় করছেন না। খুব একটা কথাও বলছেন না। বড় বড় লোকের বড় বড় ব্যাপার ভেবে হিমাদ্রী হাল্কা ঘুম দেওয়ার তাল করতে লাগলো।

এদিকে কিয়োশি কুরোসাওয়ার অবস্থা শোচনীয়। ভদ্রলোক কলকাতার ধুলো বালি খেয়ে একদম শুয়ে পড়েছেন অ্যালার্জিতে। তার ওপর তার এজেন্ট এবং দোভাষী, যার ভরসায় তিনি ইন্ডিয়া টুরটা করছেন, তিনি কলকাতার লবস্টার ইন কোকোনাট কারি খেয়ে পেটের অসুখে বিছানায় শুয়ে শুয়ে কোঁ কোঁ করছেন, আসতে পারেন নি তাঁর সঙ্গে। এমনিতেই এই পলিউশন, তার ওপর ইংরিজিটাও ভাল জানেন না, একগাদা অচেনা অজানা লোকের মাঝখানে এসে একেবারে খেই হারিয়ে ফেলেছেন। আবার জাপান থেকে খবর এসেছে যে তাঁর প্রতিবেশী বৃদ্ধ মাসখানেক হল পরলোকগমন করেছেন, একমাস বাদে তার দেহ আবিষ্কার করে গোটা ফ্লোর ডিপ ক্লিন করেছে মিউনিসিপ্যালিটি। ওফ, জীবনটা পুরো চুষে গেছে !! এরকম জানলে আসতেন না, নেহাৎ পয়সাকড়ি ভাল দিচ্ছে তাই আর না করেন নি। এজেন্ট শালাও আজকে ডুব মেরেছে। তবে এই মাছের কাটলেট জাতীয় জিনিষটা ভাল করেছে, আর ওই সাদা সাদা মিষ্টি স্পঞ্জ বলগুলো তো বেশ খেতে!! মাস্কের আড়াল দিয়ে স্যাট করে তার কিছুটা সৎকার করে দিলেন শ্রী কিয়োশি কুরোসাওয়া!!

মিসেস সেন এবার এগিয়ে এসে সবাইকে বসতে বললেন। নাতিদীর্ঘ একটি বক্তৃতা দিয়ে তিনি পরিচালককে ধন্যবাদ জানালেন

। তারপর তিনি বিহানকে ডেকে পরিচয় করিয়ে দিলেন - বললেন যে বিহানের একটি ছোট ফিল্ম দিয়ে আজ অনুষ্ঠানের সূচনা হবে। ভারতে এসে কিয়োশি বেশ কিছু ফিল্ম সোসাইটির অনুষ্ঠানে গেছেন। তাঁর অজানা নয় যে এইরকম একটা কিছু ঘটতে চলেছে। এটাই তাঁর সবচেয়ে ভয়ের জায়গা । সব ফিল্ম সোসাইটিতেই এইরকম নব্য ফিল্মমেকাররা থাকে আর তাদের তৈরি করা জঘন্য সব ফিল্ম তাঁকে বসে বসে দেখতে হয়। ডলার আর ইয়েনের কনভার্সনের মুখ চেয়ে কোনরকমে কাটিয়েছেন অনুষ্ঠানগুলো কিন্তু এই অসম্ভব প্রতিকূলতার মধ্যে তাঁর মন আজ বিদ্রোহ করে উঠলো।

বিহান বলতে লাগলো - " সমালোচকরা অনুগ্রহ করে বলেছেন যে আমি রাশিয়ান নিও রিয়ালিজমের একনিষ্ঠ ছাত্র। রাশিয়ান পরিচালক ইউরি বাইকভ, কানতেমির বালাগ, এঁদের কাজের সঙ্গে আমার কাজের মিল খুঁজে পেয়েছেন তাঁরা। আপনার প্রতি আমার এই ছোট্ট ফিল্মটি নিবেদন করলাম।"

এই বলে সে যেই প্রজেক্টারটার রিমোট হাতে নিতে যাবে, কিয়োশি কুরোসাওয়া বজ্রনির্ঘোষে ঘোষণা করলেন,

"রাশিয়ান সিনেমা মানেই খাজা মাল, জাস্ট খাজা !!"

বিহানের হাতটা মাঝপথেই থেমে গেল। ইনফ্যাক্ট গোটা অডিয়েন্সও পুরো ফ্রিজ!!

বলে কি!! এতদিন ধরে রাশিয়ান অমুক, রাশিয়ান তমুক শুনতে শুনতে বিহান সম্বন্ধে সদস্যদের যে উচ্চ ধারণা হয়েছিল, তার সবটাই তো বিহানের নিজের কথায়!! এখন একজন বাইরের লোক এসে বললেন সবটাই মিথ্যে !! একে তারা এতদিন ধরে মাথায় তুলে রেখেছিল!! ভাবা যায়, সদস্যদের সরলতার সুযোগ নিয়ে তাদের মাথায় এইভাবে কাঁঠাল ভেঙে গেল!! লোকে একে অপরের দিকে চেয়ে মাথা নাড়তে লাগলো। আমাদের হিমাদ্রী লাস্ট বেঞ্চে বসে ঝিমোচ্ছিল, হঠাৎ ঝাঁকুনি খেয়ে জেগে উঠলো। অনেকদিন বাদে তার মনে হল,

আরে পৃথিবীটা তো বেশ চমৎকার জায়গা।

সে মনে মনে উত্তমকুমারের " এই এত আলো, এত আকাশ, আগে দেখিনি" গানটা গেয়ে উঠলো।

বিহান প্রাথমিক হতভম্ব ভাবটা কাটিয়ে উঠে মুখে একটা হ্যা হ্যা ভাব এনে হাত কচলিয়ে বলল - "স্যার, আসলে ওসব দিয়ে তো একেবারে প্রথমদিকে শুরু করেছিলাম, এখন একেবারে নর্ডিক নয়ারে (Nordic Noir) শিফট করে গেছি। "

লোকজনকে এবার একটু আশ্বস্ত দেখালো - আচ্ছা, বাচ্চা বয়সে না হয় ভুল করে ফেলেছে, যাক সময় থাকতে থাকতে নিজেকে সঠিক পথে ফিরিয়ে তো এনেছে। চমৎকার উত্তরণের কাহিনী !!!

আবার মাস্কের আড়াল থেকে ভেসে এল - " নর্ডিক নয়ার দেখলেই বমি পায়, অখাদ্য!!"

ব্যাস, সব শেষ। সদস্যরা ভদ্র বলে প্রকাশ্যে গালাগালি করলেন না বটে কিন্তু গোটা ঘর গলা খাঁকারি, গুঞ্জন আর লাইটার জ্বালানোর আওয়াজে ভরে উঠলো। এই হচ্ছে জীবন !! লোকাল সেলিব্রিটি ততক্ষনই সেলিব্রিটি যতক্ষন না গ্লোবাল সেলিব্রিটি আসছে। যেমন তিমি মাছকে গিলে খায় তিমিঙ্গিল, তিমিঙ্গিলকে তিমিঙ্গিলগিল, তিমিঙ্গিলগিলকে তিমিঙ্গিলগিলগিল, ওয়েল, ইউ হ্যাভ দা আইডিয়া!!

বিহান একবার ঘরের দিকে তাকিয়ে পরিস্থিতিটা বোঝার চেষ্টা করল। তারপর হনহন করে সটান গেটটা খুলে বেরিয়ে গেল !! সেই যে গেল, আর তাকে কলকাতার ফিল্মমহলে কেউ দেখতে পেল না। শোনা যায় আসামের দিকে কোথায় বিজ্ঞাপনের কাজ করে এখন, ফিল্ম লাইন থেকে শতহস্ত দূরে।

হিমাদ্রীর জীবনে আবার বাঁচার ইচ্ছে ফিরে এসেছে। সে মনে মনে "আহা কী আনন্দ আকাশে বাতাসে' গাইতে লাগলো আর পা নাচাতে লাগলো।

পরিচালক মন দিয়ে একটা ফিশফ্রাই চিবোচ্ছিলেন। শেষ করে ঘোষনা করলেন, "

আমার চেয়ে ভাল সিনেমা বানাতে আর কেউ পারে না। আকিরা কুরোসাওয়া কিছুটা পারতেন, আর আপনাদের সাতাজিতো রে মন্দ বানাতেন না। ভাল বলছি না, তবে খারাপও নয় !!"

এই ঘোষণার পর ঘরে শ্মশানের নীরবতা নেমে এল।

ছেলেটার ফিল্মটা দেখতে হল না বলে তাঁর মনটা ভাল হয়ে গেছে। তিনি আরেকটা ফিশফ্রাই তুলে নিলেন।

নেক্সট মিনিট পাঁচেক শুধু কচমচ করে খাবার চেবানোর আওয়াজ শোনা গেল। তারপর মিসেস সেন চেষ্টা করলেন অস্বস্তিকর পরিবেশটা কাটাতে। নম্রভাবে জিজ্ঞেস করলেন,

- আপনার ভারতবর্ষ কেমন লাগছে মিঃ কুরোসাওয়া?
- চমৎকার সেন স্যান, চমৎকার!!
- আর কলকাতা?
- দারুন, দারুন !!

বোঝাই যাচ্ছে পরিচালক মহাশয় কম কথার মানুষ। মিসেস সেন চেষ্টা থামালেন না,

- ভারতে এসে কার কার সঙ্গে দেখা হল?
- দেখা তো হল অনেকজনের সঙ্গেই,
- বন্ধুরা যেমন আনুরাগু কাশিয়াপু, এসু এসু রাজামহুরি। কিন্ত আমি যাদের খুঁজছি তাদের সঙ্গে দেখা হল না !!
- যেমন?
- বাইচুন বুটিয়া, সুনিরু চেথোরি
- এঁদের তো নাম শুনি নি কখনো!!

এইসময় হঠাৎ লাস্ট বেঞ্চ থেকে হালকা কাশির শব্দ শোনা গেল। গোটা ঘর ঘুরে তাকিয়ে দেখল চেয়ারের ভেতর থেকে হিমাদ্রী তার জেনারেলি অস্তিত্বহীন অবস্থা থেকে বের হয়ে এই প্রথম কোন কথা বলার প্রচেষ্টা করছে। ৩০ জোড়া চোখের সামনে নার্ভাস হয়ে গেলেও হিমাদ্রী কোনরকমে বলতে পারল,

- উনি মনে হয় বাইচুং ভুটিয়া আর সুনীল ছেত্রীর কথা বলছেন মিসেস সেন আকাশ থেকে পড়ে বললেন,
- এঁদের তো ঠিক .... কিন্তু পরিচালক লাফিয়ে উঠে বললেন
- হ্যাঁ হ্যাঁ, ঠিক বলেছেন, বাইচুন বুটিয়া, সুনিরু চেথোরি !! আপনি চেনেন ভাই? বোধহয় না...
- বাইচুংদার সিকিমের অ্যাকাডেমিতে আমি বছরে একমাস গিয়ে ফুটবল শেখাই আর সুনীলদার সঙ্গে আমি অনেক দিন খেলেছি...
- আপনি ফুটবল খেলেন? আপনি এদের সঙ্গে খেলেন?

পরিচালক এবার চেয়ারে বসে মুখ থেকে মাস্ক খুলে ফেললেন। রাগে তার ফর্সা মুখ লাল হয়ে উঠেছে। তিনি অনুযোগের সুরে মিসেস সেনকে বললেন,

- এই ছেলেটি একজন ফুটবল প্লেয়ার। আপনি এর সঙ্গে আমাকে আলাপ করালেন না? জানেন ফুটবল ছাড়া আমার জীবনে কিছু নেই, আমাদের বন্ধুদের নিজেদের ফুটবল ক্লাব আছে জাপানে।
- নিশ্চয়ই নিশ্চয়ই। ইনি আমাদের একজন গুরুত্বপূর্ণ সদস্য। মিঃ ..

এই পর্যন্ত বলেই মিসেস সেনকে থেমে যেতে হল। কারন দুটো। এর আগে উনি বেসিকালি হিমাদ্রীকে লক্ষ্যই করেন নি আর তাই তার নামটাও জানেন না। ছেলেটি লাস্ট বেঞ্চে এসে বসত, ভদ্রতাবশত চলে যেতে বলেন নি, বোধহয় নীলাঞ্জনার বন্ধু টন্ধু হবে।

- আমার নাম সরকার। আমি আপনাকে চিনি স্যার। আপনাদের ক্লাবের অ্যাকাডেমিতে আমি এক বছর খেলেছি। আপনার নামটা শুনে চিনতে পারি নি প্রথমে। আমার বাবা আসলে জাপানে..... পরিচালক চেঁচিয়ে উঠলেন এবার
- সারুকারু? হামাদা সারুকারু?

মিসেস সেনের মাথা ঘুরছে। চেয়ার বসে পড়ে কোনরকমে বলতে পারলেন,

- আপনার নাম হামাদা সারুকারু?
- মানে আমার নাম হিমাদ্রী সরকার
- ইয়েস, ইয়েস, হামাদা সারুকারু !!

বলেই লাফিয়ে উঠে দৌড়ে গিয়ে হিমাদ্রীকে জড়িয়ে ধরলেন কিয়োশি কুরোসাওয়া!! তারপর শুরু হল অন্তহীন ফুটবলের গল্প !!

মিনিট কয়েকের মধ্যেই বোঝা গেল ঘরে ওই দুজন ছাড়া আর কোন লোকের উপস্থিতির কোন অস্তিত্ব নেই। সদস্যরা এতক্ষণ হাঁ করে এই আশ্চর্য ঘটনাপ্রবাহ অবলোকন করছিলেন, এবার এই ভেবে আশ্বস্ত হলেন যে, যাই হোক, লোকটা অন্ততঃ সময়টা আনন্দে কাটাচ্ছে !! তাঁরা নিজেদের মধ্যে কথাবার্তা শুরু করে দিলেন, স্ন্যাকসের দিকে মন দিলেন।

তোমায় দেখে উথলে ওঠে পকেট থেকে বাসনা

এই নাটক যখন চলছে তখন আমরা খোঁজ নিয়ে আসি আর একজনের। শ্রীমতী নীলাঞ্জনা সেনগুপ্ত। গত ১৫ মিনিটের ঘটনাসমূহ তার মনের মধ্যে পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটিয়ে ফেলেছে। যার নিজের কথায় বিশ্বাস করে যাকে সে সোনারমুকুট পরিয়েছিল, দেখা গেল সেই মুকুটের যোগ্য সে নয় । আর হায়, যে পাথরকে সে পায়ের ঠেলায় দূরে সরিয়ে দিয়েছিল, সে পাথর তো সামান্য পাথর নয়, সে হল আসল হীরে। রবীন্দ্রনাথের "কৃপণ" কবিতার কথা মনে পড়ে গেল তার, "তোমায় কেন দিই নি আমার সকল শূন্য করে"। । এত পড়াশোনা করে, এত সংস্কৃতিচর্চা করে সে মানুষ চিনতে শেষে এই ভুল করল !! কি লজ্জা, কি লজ্জা, এইরকম লাঞ্ছনার স্বাদ জীবনে আগে কখনো পে নি। গেল গেল, তার সব গেল ! তার সেনসিটিভ মন আর নিতে পারল না, ঝরঝর করে কেঁদে ফেললো সে।

কিছুক্ষণ পরে কুরোসাওয়া সাহেব উঠে বললেন,

- সেন স্যান, আপনার ফিল্ম ক্লাবে এসে আমার এদেশে আসাটা পুরোপুরি সার্থক হল !! থ্যাঙ্ক ইউ সো মাচ। এখানে এসে যা আনন্দ পেলাম তা ভারতে আর কোথাও পাই নি। আমি ফেসবুক আর ইনস্টাগ্রামে আপনাদের ফিল্মক্লাবের কথা অবশ্যই লিখব আর টোকিও ফিল্ম ফেস্টিভ্যালে যাতে আপনাদের এখান থেকে সদস্যরা আমন্ত্রিত হন তার ব্যবস্থা নিশ্চয়ই করে দেব, কোন চিন্তা করবেন না।

সদস্যদের হাততালিতে কান পাতা গেল না। স্ট্যান্ডিং ওভেশন শেষ হলে পরিচালক বললেন,

- আমরা এখন ভাই সারুকারুর সঙ্গে মহুন বাগান মাঠে গিয়ে কিছু পেনাল্টি আর ফ্রিকিক মারব। ভাই সারুকারু, আমার একটা বুটের ব্যবস্থা করে দিও না...
- হ্যাঁ হ্যাঁ, আন্ডার ১৭ এর বাচ্চাদের কিটস ক্লাবে রাখা আছে। বুট পেয়ে যাবেন।
- অলরাইট, চললাম তাহলে। সায়োনারা!!
- দুজনে যখন বেরিয়ে যাচ্ছে তখন হিমাদ্রী কনুইতে হাল্কা ছোঁয়া অনুভব করল। তাকিয়ে দেখল নীলাঞ্জনা। বোঝাই যাচ্ছে কেঁদেছে। নীলাঞ্জনা মাথা নিচু করে বলল,
- আমি কোনওদিনও মোহনবাগান মাঠ দেখি নি, আমায় নিয়ে যাবেন?
- কথা দিন আর সাইডলাইনে থাকবেন না? অলওয়েজ?
- দিলাম !!

হিমাদ্রীর বুকের মধ্যে একটা খুশির বেলুন ফুলে উঠলো। নীলাঞ্জনার পিসেমশাই এসে ওর হাত ধরে বললেন,

- আমাদের গাড়িটা নিয়ে যান ভাই। আপনার বাড়িতে আমি যোগাযোগ করে নেব।

কুকুর আর প্রজাপতি

এর বছর চারেক পরে ব্রিসবেনের রয়্যাল ব্রিসবেন অ্যান্ড উইমেনস হসপিটালে তাদের পুত্র সন্তানের জন্ম হল। হিমাদ্রীর ক্লাব "ব্রিসবেন রোর" থেকে বিশাল ফুলের বোকে আর বেবি হ্যাম্পার পাঠানো হয়েছে। এককালে ফুটবল সম্বন্ধে চরম উদাসীন নীলাঞ্জনার প্রবল ইচ্ছে ছিল ছেলের নাম রাখা হবে লায়োনেল ক্রিশ্চিয়ানো সরকার। কোনরকমে নিবৃত্ত করা গেছে তাকে।

হিমাদ্রী হাসপাতালের বাইরের বেঞ্চে বসে শ্বশুর শাশুড়ির আসার জন্য অপেক্ষা করছিল। করতে করতে ভাবলো, মানুষের একটাই জীবন, সেই জীবনটাই কুকুর আর প্রজাপতি খেলতে খেলতে চলে যায়!! কেউ পায়, কেউ পায় না। হিমাদ্রী নিজের ভাগ্যকে ধন্যবাদ দিল।





Logan's Biggest and Oldest Independent Real Estate Agency
Since 1988

We Specialise In:

Selling | Buying | Rentals | Investing
Property Management | Finance | Conveyancing

0434 289 285
parnam@redrocketrealty.com.au
www.redrocketrealty.com.au
67 Springwood Road, Springwood, 4127 QLD



Parnam Singh Heir
Principal/Director

RED ROCKET
REALTY

THE CRASH THAT SAVED EARTH

By Ritam Revan Ray Biswas

CREAK! The doors opened as I entered the hallway to my secret, high-profile rocket. The walls were off-white, with pictures of legends who thrived long before me. The air was polluted with petrol. My hands trembled as I strapped myself in.

Why did they have to pick me? I didn't know that I had to explore the unknown! I don't have as much experience as needed. I must explore unknown planets! I don't know what they were thinking. I'm clearly not good enough. This job was made for people who are fearless and more experienced.

"5, 4, 3…" said the built-in speakers in the rocket as I strapped myself in. My hands were sweating profusely. I was trembling uncontrollably. **"BLAST-OFF!"** shouted the speakers as the rocket took off. I saw all the buildings below me getting smaller and smaller. I was leaving everything I loved for the sake of exploration. Did I make a good choice?

Normally, space travel takes a lot of time to arrive at its destination. But this rocket was the fastest rocket ever built: the **Shenanigans-539.**

"T-minus 5 minutes till landing," said the AI in the rocket.

Suddenly, the rocket shuddered like a dying beast. My heart banged against my ribs like a trapped bird. The systems repeated, **"Error, error, error."** I prayed to God that nothing would happen to me. My heart raced very fast.

CRASH!

Everything went black.

"Hello? Commanding officer here," said the commander from the speakers.

With the last remaining strength I had, I replied, "Yes, sir. I'm alive."

The radio crackled, then died right in front of me.

"NOOOOO!" I said in grief, as I had no way to communicate back. I quickly needed to find shelter, or I'd be a sitting duck on this unknown planet.

As I walked through the forest, I saw different types of animals. There were pink-coloured tigers with 50 eyes and 20 legs, and they were vegetarian. How is that possible? There were other animals which were hard to describe. I found hints of an intelligent civilisation that could communicate with us. There were plastic wrappings with unknown languages.

They're aliens nearby.

Soon, a high-tech castle loomed ahead. It had laser cannons and rocket-powered fans to slice up enemies. That is the silliest weapon I've ever heard of!

Slipping through a breach in the castle wall, I found a strange vacuum cleaner sitting right in my path. It looked less like a household appliance and more like a high-tech defence weapon, so I grabbed it to protect myself from the aliens.

I entered the hole very quietly. As I entered, I heard that the aliens were speaking in English!

"Phase one begins soon," whispered the general alien.

"YES!" said the rest of the aliens.

"Not if I stop you!" I said.

"Charge!" said the aliens.

My life flashed before my eyes. Everything was gone.

Suddenly, the vacuum started to rumble. It started to suck the aliens up! I was saved!

Then I saw it.

My jaw dropped.

My rocket was there, but 10x better.

I ran as fast as I could into the rocket.

ZOOM!

I took off towards Earth.

I was saved.

"Earth, this is Commander… I'm coming home," I said into the microphone.

Cheers exploded through the speakers, filling the cabin with a warmth that I had not felt since launch. A wave of relief washed over me, loosening every knot of fear that had been gripping my chest since the crash.

I've done it.

I've saved the Earth.

And I've learned something new: **fear doesn't stop you — unless you give it power.**



TRIBUTE TO BELA BHATTACHARYYA

By Her Loving Family

This is a tribute to our wonderful Mother Bela Bhattacharyya who sadly passed away in February 2025.

Our wonderful Mother was a rock to myself and two Sisters Rumna and Jumna after the untimely passing of our Father Dr. M. N. Bhattacharyya 43 years ago.

She was a wonderfully dedicated Mother. Generous and kind with a great belief in humanity.

This belief lead her to becoming a follower of the Vedantha tradition that highlights the equality of religions.

She had an unwavering curiosity and thirst for knowledge. She excelled at school and university. But her quest for learning did not end there. She read very widely and loved to be up to date on a variety of topics from nature to politics.

She supported and loved alternative films and culture. Her favourite author was the South American magic realist author Isabelle Allende.

But more than anything she loved to share ideas and learn from everyone. And she felt everyone had something to contribute irrespective of age or background.

She loved nothing more than to have a lively discussion late at night about world affairs with her beloved Granddaughter Tulshipatha. Very Bengali indeed!

When her Doctor advised her to exercise more she joined the gym, started aqua aerobics, home weights programme and of course walking. She was determined and loved living a healthy engaged life.

Home videos of Ma dancing at Christmas and Durga Puja celebrations at Chapel Hill fill our phones with wonderful memories.

And then of course there is Ma's cooking.

She cooked from the heart and cooked Bengali delicacies handed down from our Grandmother with such love and care. She was renowned for being the best cook in our vast family. Ma's beloved siblings and nieces and nephews would call from the corners of the world for cooking advice.

Despite being raised in a very wealthy family Ma moved to live with Baba's many relatives in cramped quarters in New Delhi.

For decades my parents sent money to countless relatives. This meant that Ma would often not be able to buy a new sari for herself but she willingly made these sacrifices.

Ma taught herself knitting as a young bride in the freezing New Delhi winters and we still have so many of her amazing creations. Most she gave away to the Lifeline charity. Saying " I want someone to stay warm this winter".

She taught Tulshipatha to knit, a hobby she too excels at.

When we first arrived in Brisbane as one of the only Indian families we struggled to find food we could eat.

Ma quickly established a garden of vegetables and took me in my pram from St Lucia to West End on the ferry to buy eggplants from the Greek markets there. It was the only place to find them in Brisbane back then!

Taking on the role of Mother and Father to us was not easy. For decades Ma would set the breakfast table for us late the night before. Sending us all to school and university with a cooked breakfast.

When I was studying at UQ Medical School she would wash my formalin drenched lab coat with dedication.

Her can do attitude shone through whether it was chasing and killing spiders, throwing a frisbee or gutting a fish!

She was a woman before her time who was always open minded, accepting all people and treating all with respect.

She remained a life long Greens supporter. She faced many challenges in life with grace and determination.

And throughout our lives she was and remains our beloved, gorgeous, lively, fierce, generous and brilliant Ma.

With love
Ms Arundhati Rumna Bhattacharyya
Dr Bhaswati Jumna Bhattacharyya
Dr Tuntuni Bhattacharyya
Ms Asha Tulshipatha Parker



SPICE HERITAGE

Since 2025

INDIAN & INTERNATIONAL GROCERY

Your local Indian & international grocery



Spices • Rice & Lentils • Snacks • Everyday Essentials

2 HOURS FREE PARKING

Just scan the code

Open 7 Days | 09:30 AM – 09:00 PM

Close to UQ & QUT

VISIT US IN TOOWONG

U10 70 Jephson Street
Toowong QLD 4066
Phone: 07 3870 0089

FOLLOW US

Facebook: Spice Heritage Toowong

Instagram: @spiceheritagetoowong

A BOY THAT LOST HIS MARSHMALLOW

By Rishan Das

Once upon a time there lived a boy called Steven. He also had a pet bird called Joe. Joe does cool stuff on his stick in his cage and Steven likes running.

One day Steven and Joe went camping together and Steven got marshmallows for roasting. Then the next morning Steven woke up and he couldn't find his marshmallows! Steven looked everywhere.

Suddenly he saw marshmallows on the ground. He followed the trail of marshmallows and came to a cave. He went into the cave and saw a whole packet of marshmallows. Then he ran and ran out of the cave. He stopped at his tent and got to roast marshmallows with his bird Joe.



অন্য কোথাও অন্য কোনোখানে

By Anjan Kundu

অনেকদিনের ইচ্ছে একটু ইউরোপের পূর্ব প্রান্তে যাব। বালকান দেশগুলো কিছুটা দেখা হয়েছে - যেমন ক্রোয়েশিয়া, বসনিয়া, মন্টেনিগ্রো। কিন্তু পূর্ব সোভিয়েত রাশিয়ার গা ঘেঁষা দেশগুলো একটু অন্যরকম হবার কথা। তাই অনেক আদাজল খেয়ে মেয়ের সাথে বসে পড়লাম পূর্ব ইউরোপ ঘোরার plan বানাতে। বলে নেওয়া ভাল ইউরোপ বলতে আমরা মূলত পশ্চিম ইউরোপই বুঝি - জার্মানি, ফ্রান্স, সুইজারল্যান্ড, ইতালি, ইংল্যান্ড, স্পেন। গত ২৫ বছরে এই দেশগুলোর অনেকটাই দেখা হয়েছে, তাই পূর্ব এবারে খুব টানছিল। পূর্ব ইউরোপ এশিয়ার কাছাকাছি হবার জন্য অনেক উত্থান পতন, আর স্বাধীনতা সংগ্রামের সাক্ষী থেকেছে।



এক নজরে মানচিত্রে ভ্রমণপথ

সময় কম, তাই এক শুক্রবার রাতের কাতার এয়ারওয়েজের ফ্লাইট নিয়ে উড়ে চললাম বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসের উদ্দেশ্যে। এবার ঠিক করেছি আমরা নিজেরাই বেড়াব, আর যতটা সম্ভব public transport use করব, যাতে দেশটা, আর তার মানুষগুলোর সঙ্গে একটু পরিচয়ের সুযোগ ঘটে। বেলজিয়ামের ভাষা ইংলিশ আর ফ্রেঞ্চ। তাই দেশটার লোকজনদের দেখে বোঝা মুশকিল তারা ঠিক কোথা থেকে এসেছে - এক অদ্ভুত সংমিশ্রণ! QUT-র একজন researcher অনেকদিন আগে বলেছিল যে আর ৫০-১০০ বছর পরে আমরা সবাই নাকি একরকম দেখতে হয়ে যাব। বেলজিয়াম - যা ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এর Head Quarter, সেদিকে অনেকটাই এগিয়ে গেছে। হাতে ছিল দু'দিন সময়, দোতলা হাই স্পিড ট্রেনে উত্তরের Bruges, Ghent, Antwerp, আর University city Leuven - এক অন্যধরনের অনুভূতি ছড়াল। জানলাম Waffle এর জন্ম বেলজিয়ামে, কিন্তু বিভিন্ন শহরে waffle সম্পূর্ণ আলাদা রকমের।

পরের গন্তব্য Luxembourg. একটা ছোট্ট সাজানো দেশ - শহরই বলা চলে। এখানকার ইতিহাস খুবই জটিল। Culturally আর historically দেশটা বেলজিয়াম আর নেদারল্যান্ডস এর কাছাকাছি, ভাষা জার্মানের কাছাকাছি, legislative ভাষা ফ্রেঞ্চ, 50% লোক foreign national, পৃথিবীর সবচেয়ে বেশী adjusted per capita GDP, আর গোটা Luxembourg city টা'ই UNESCO Heritage. এখানে মানুষের চেয়ে বোধহয় bank বেশি। একটি সাজানো গোছানো, কিন্তু খালি, সুন্দর শহর - মন ছুঁয়ে যায়। সমস্ত public transport Luxembourg-এ

free, tourist এর জন্যেও, অল্প কিছু ব্যতিক্রম ছাড়া।



Bruges in Belgium, World Heritage Site of UNESCO



Iconic view of Luxembourg

পরের দেশ Slovenia. এমন একটা দেশ, যেটার সম্বন্ধে আমরা বিশেষ কিছু জানিনা। ওরাও বাইরের দুনিয়ার সবকিছু নিয়ে ওয়াকিবহাল নয়। আমাদের প্লেন ল্যান্ড করল লুবলিয়ানায়। চমকে উঠলাম, পুরো এয়ারপোর্টে ৮-১০ টা gate. বাইরে বেরোতেই সবুজের সমাগম। গুটিকয়েক লোক। এয়ারপোর্ট বলতে যেরকম বুঝি, তার থেকে অনেকটাই আলাদা। পূর্ব ইউরোপের একটু কর্কশ ব্যক্তিত্বের ছায়া দেখতে পেলাম। অদ্ভুত সুন্দর দেশ, কিন্তু tourist এর ভীড় নেই। লুবলানিকা নদী বয়ে চলেছে city centre এর মধ্যে দিয়ে। গাড়ি চলাচল বন্ধ। সবাই দুপাড়ের রেস্টুরেন্টে নদীর ধারে বসে খাচ্ছে। চারিদিকে উৎসবের আবহাওয়া। তার সাথে মেতে উঠে আমরা চললাম Indijska restarnaoja (তার মানে Indian restaurant). দারুণ খাবার আর তার সঙ্গে waitress দে'র সাথে গল্প। একজনের সাথে ইন্ডিয়ান ভেবে অনেকক্ষণ কথা বলার পর তিনি বললেন তার বাড়ি Croatia'র border এ। জীবনে তিনি Slovenia ছেড়ে কোথাও যাননি। পরের তিনদিন চলল Slovenia ঘুরে দেখা। Lake Bled, Postojna cave (limestone দিয়ে প্রকৃতির এক অসাধারণ সৃষ্টি। Piran (যেখান থেকে Italy আর Croatia'র Coast দেখা যায়। Soca Valley. একই দিনে Slovenia থেকে Italy আর Germany, আবার ফিরে আসা - আর তার সাথে পুরোনো দিনের মহিলাদের border cross করার গল্প। আক্ষেপ রয়ে গেল Mount Triglav এর শীর্ষ দেখতে পেলাম না - মেঘ আড়াল করে রইল সারাদিন।



Ljubliana castle and ljublanca river – Traffic free city centre and restaurants in the riverside, Slovenia



Iconic Lake bled in Slovenia



Postojna cave (a nature creation from limestone and water), Slovenia



Predjama castle (cave castle), Slovenia



Iconic Budapest Parliament building at night – photo taken during the Danube cruise

পরের গন্তব্য স্বপ্নের শহর বুদাপেস্ত। একটি নদী (দানুব) আর দুটি শহর (বুদা আর পেস্ত), কিন্তু cross করার কোনও উপায় ছিলনা। তারপর আস্তে আস্তে Mongol, বা তার পরে Ottoman (মানে Turkish), তার পরে Soviet আর world war এ ভারাক্রান্ত হাঙ্গেরী মুক্তি পেল ১৯৮৯ এ। অনেকগুলো bridge হোলো দুটো শহরকে যোগ করার জন্য। বুদা castle quarter পেল UNESCO World Heritage তকমা, আর পেস্ট হয়ে উঠল ঝকঝকে precinct, আর পৃথিবীর সবার পার্টি করার জায়গা। দানুবের পাড়ে Hungarian Parliament Building হয়ে উঠল Hungary র সবচেয়ে বড় building, আর world tourist attraction. অনেক জায়গাতে গেলাম public transport এ তিনদিনের pass কিনে। Thermal Baths (এত বড় যে হারিয়ে যাওয়ার জন্য যথেষ্ট), Fisherman's bastions - market square - ঝাঁ চকচকে আলোয় বুদাপেস্ট মাঝরাত অবধি আমাদের আটকে রাখল। গা ভাসিয়ে দিলাম local দে'র সঙ্গে party করতে। ভুলিনি Hungary'র national dish Goulash try করতে। দেখতে দেখতে কেটে গেল তিনদিন।



Budapest House of Music – iconic architecture – every tree has been protected during construction

চললাম Poland এর Krakow - কিন্তু এখানে একটা twist আছে। ইউরোপে গাড়ির service নতুন চালু হয়েছে। ওরা গাড়ি আর driver দিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় পৌঁছে দেয়। শর্ত একটাই - ১২ ঘন্টার মধ্যে পৌঁছতে হবে। ব্যাস্, আর কী - আমরা চললাম Slovakia'র মধ্যে দিয়ে explore করতে করতে। Budapest থেকে Krakow. Maria, আমাদের driver, Cairns এ Barrier Riff এ কিছুদিন কাজ করেছে। ও খুব খুশি, আর আমরাও। ও শোনাতে লাগল ওর family কেমন করে একটা community housing এ একটা ছোটো বাড়িতে বড় হয়েছ। ও নিয়ে গেল একটা ছোটো গ্রামে। গ্রামে কোনও রাস্তা নেই, তাই সবাই গ্রাম ছেড়ে চলে গেছে। পড়ে রয়েছে সাজানো গোছানো বাড়ি, আর UNESCO WORLD HERITAGE এ সবথেকে সুন্দর গ্রামের তকমা। গ্রামে একটা ছোটো দোকান। পরিচয় হোলো দোকানের মালিকের সাথে। উনি আর উনার স্ত্রী গ্রামে ফিরে আসার সিদ্ধান্ত নিয়েছেন গ্রামটাকে বাঁচিয়ে রাখার জন্য। অনেক আপত্তি সত্ত্বেও উনি নিজের হাতে গাছের ডাল থেকে তৈরী দুটো fridge magnet আমাদের দিলেন। টাকা offer করলেও নিলেন না, চোখে জল এসে গেল - লাগিয়ে রেখেছি ও'দুটো fridge magnet কে বাড়ির fridgeএ, - এক বন্ধুর উপহার হিসেবে। মারিয়া সঙ্গে local market এ গেলাম। ওখানকার dress পড়া miner দে'র procession দেখলাম; তারপর গল্প করতে করতে চোখদুটো বুঁজে এসেছিল। চোখ খুলতেই দেখলাম Krakow এ আমাদের residence.

হয়ে গেছিল অনেকদিন। ডাল-ভাতের জন্য মন একটু হাহাকার করছিল। খুঁজে দেখতেই পেলাম দুটো গলি পরে Krakow এ Indian restaurant. ভদ্রলোক আর ভদ্রমহিলা, দুজনেই দিল্লীর। অনেকদিন পর ডাল, ভাত, মাছভাজা আর পালক পনির খেয়ে মনটা ভরে গেল। Krakow সুন্দর একটা শহর, কিন্তু তার কাছেই রয়েছে concentration camp এর মতো লোম খাড়া করে দেওয়া গল্প। আমরা Wieliczka salt mine, Jewish quarter, Royal castle আর basilica দেখলাম। 1942 থেকে 1945 এর মধ্যে এই concentration camp এ অনেক প্রাণ চলে গেছে, অনেক বাচ্চারা তাদের বাবা-মা'কে হারিয়েছে - সেসব evidence গায়ে কাঁটা দেবার মত। Krakaw এ আমরা Zabca convenience store এর fan হয়ে গেলাম। প্রত্যেকটা রাস্তায় একটা করে Zabca. সেখানে ছোটোখাটো খাবার দাবার থেকে শুরু করে সমস্ত কিছুই পাওয়া যায়। আবার তিনদিন কেটে গেল। আমাদের রাত্রিবেলার ট্রেন Prague যাওয়ার। সারাদিন কী করব ভাবতে ভাবতে একটা গাড়ি নিয়ে বেরিয়ে পড়লাম Tatra Mountain এর উদ্দেশ্যে। রাস্তায় পড়ল Zacopane - একটা mountain Town. Funicular এ চড়ে উঠতে উঠতে আস্তে আস্তে আমরা মেঘের আড়ালে চলে গেলাম। সে এক দারুণ অনুভূতি। বলতে ভুলে গেছি যে এর মধ্যে আবার আমরা border cross করে Slovakia ঢুকে গেছি। এখানেই দেখা হোলো আরেক বন্ধুর - Red Fox. আমাদের দিকে ও অনেকক্ষণ তাকিয়ে রইল। তারপর আস্তে আস্তে পাহাড়ে মিলিয়ে গেল। গাড়ির driver ফেরার পথে আমাদেরকে Krakow স্টেশন এ নামিয়ে দিয়ে গেল।



Nazi concentration camp, Krakow



View of Tatra Mountain – 2190 m, Slovakia

বুঝতে পারছি tired হয়ে গেছি আমরা। শেষ গন্তব্য প্রাগ - Czechia দেশের রাজধানী। ট্রেনের কামরা পুরোনো, কিন্তু বাকি সব অত্যাধুনিক। Train এর cabin এর দরজা electronically খোলে - toilet-এরও তাই। সারারাত ঘুম হোলোনা। তাই সকালে পৌঁছে হোটেলে ফিরে একটু ঘুমিয়ে নিতেই বিকেল হয়ে গেল। বিকেলে dinner cruise book করা ছিল, তাই বেরিয়ে পড়লাম Vitava (ভলটাভা) নদীর উপর থেকে প্রাগ শহর দর্শনে। রাতের আলোয় দুধারের প্রাগ তখন মোহময়। অবাক হলাম - সকালে হোটেলের reception এ দেখা হল একটি ভারতীয় স্টুডেন্ট এর সাথে। কানপুরে বাড়ি। প্রাগে masters করছে, আর hotel এ night duty করে। ওখানে University-র standard, খরচখরচা সব নিয়েই কথা হোলো। গন্তব্য ছিল Germany তে Bastei bridge, আর Dresden. তাই বেরিয়ে পরলাম। সহযাত্রী ছিল দুটো American

পরিবার। কেটে গেল সেদিন খুব ভাল করে। পরের দিন একটু মন খারাপ। আমাদের শেষ দিন। Prague castle আর অন্য অনেক local attraction দেখে আমরা চললাম market square এ - আমাদের এই trip এর শেষ dinner এ।



View of Prague city from the Prague Castle



Prague Astronomical clock – every hour there is some activity through the windows



Bastei Bridge in Germany, a day trip from Prague

হোটেলে ফিরে এবার গোছানোর পালা। ইচ্ছে ছিল Charles bridge এর উপর শিল্পীদের হাতে একটা portrait বানানোর, কিন্তু সুযোগ হয়ে উঠল না। এই তিনদিনে hotel এর breakfast room এ সবার সাথে খুব আলাপ হয়ে গেছে। একজন বয়স্ক ভদ্রলোক আমরা কী পছন্দ করি খেতে সেটা জেনে গেছেন। আমরা বসলেই তিনি সেগুলি দিয়ে যেতেন।

তারপর সময় এসে গেল। লম্বা journey. এয়ারপোর্টে গিয়ে দেখি ফটোর সংখ্যা এক হাজার পেরিয়ে গেছে। অনেক স্মৃতি, অনেক নতুন লোকের সঙ্গে পরিচয়, অনেক নতুন কথা জানা, অনেকের কথা জানা, নতুন দেশ ও তার চিন্তাধারার সঙ্গে পরিচয়। সতেরো দিনের tour, কিন্তু স্মৃতি অনেক। যখন সময় হাতে থাকবে, আবার একটু একটু করে photo গুলো দেখব, আর পুরোনো কথা মনে করব। ভাল স্মৃতিগুলো মন ভাল করে দেবে - এইটুকু আশা নিয়েই ফিরে এলাম Brisbane এ। পুজো এসে গেছে যে, মায়ের সঙ্গে দেখা করতে হবে না?

THE GREEDY FOX

By Shanaya Das

Once upon a time there was a greedy fox called Freddy. Freddy lived in a big cave with his mum, his dad and his younger brother. Everyday he would look up to the sky and day-dream about him being the king of the world and living in a luxury palace with 10 butlers and 2 chefs. He would also never eat any of his food unless he could eat near the beach and watch the sun set behind the mountain side.

One sunny morning, Freddy woke up to find his family all packing up the cave to move to another one because his old cave got too small for all of his family members to fit in. As the family set off to find a new home, Freddy started wishing that he could live all by himself in own cave. Suddenly, at the corner of his eye he saw the most perfect cave of all. It had a beautiful view of the beach sunset and lots of food that took no hard work to catch. He sprinted off towards the cave with his family trailing behind him.

Finally, he arrived at the new cave. He quickly set up all his things so that there was no more room for anything else to fit in the rooms. His family arrived a few minutes later and asked if they could live in their too. Freddy refused to let anyone in as his family turned around and walked sadly away. Lucky for them they had found a cave that was just as good as their old cave and was close to the beach so they could see their son more often.

Since it was getting dark ,Freddy decided to start sleeping. As he was snoring away in his cave a BIG wave hit the shore on the beach and washed everything away. The next morning Freddy found himself in a different cave with all his stuff surrounding him. two worried faces stared at him. It was his parents! “They must have heard about the big wave hitting the shore and quickly rescued me”, he thought to himself. That was the moment that he realized to never be selfish again.



NORTH SHORE
Coaching College



KINDERGARTEN PROGRAM

*North Shore offers a **tailored Kindy Programme** designed specifically for **children aged 3 to 4.5 years** in preparation for Prep.*

*Classes are held from **9:30am - 12:30pm on Weekdays (Mon & Tues or Thurs & Fri)** and led by **experienced and qualified teachers**.*



Introduction to Numeracy & Literacy

OUR PROGRAM FEATURES:

- Tailored curriculum covering Basic Reading, Maths and Phonetics
- Classroom based learning with small group activities
- Encouragement of healthy attitudes and positive social behaviour



Classroom-based Learning



Hands-On Activities

Enrol your child today and give them a head start with fun learning!

SPACES ARE LIMITED.

Available at Upper Mt. Gravatt & Southport campuses only.



ENROLMENT & ENQUIRIES

We were sitting inside the car with the windows slightly lowered, wondering when we would be called to the shooting location.

Just then, a middle-aged man wearing a dhoti and a short-sleeved kurta came cycling past our car. Suddenly, he stopped his bicycle and peered through the gap in the window for quite some time.

Then he asked Santu-da, "Have you people come here for a film shoot?"

Santu-da replied, "Yes."

The man asked, "And who might you be, then?" Santu-da said, "I'm Santu Mukherjee."

The man then turned towards my sister and asked, "And who are you?" My sister replied, "I'm Arati Bhattacharya, and this is my younger sister, Sarbani." The man simply said, "Oh!" and cycled away.

Uttam-da burst into laughter.

"See that? That man doesn't know any of you! He didn't ask who I was because he already knows me!"

I could see how much he was enjoying the joke. He was having a wonderful time teasing my sister and Santu-da.

Suddenly, we noticed that the man had stopped his bicycle again and was coming back towards us.

Uttam-da exclaimed, "Oh, no! Here he comes again! Why is he coming back?" The man came right up to Uttam-da's window and asked, "But you haven't told me who you are, sir!" We all burst out laughing.

With a rather sheepish expression, Uttam-da replied, "This humble fellow's name is Uttam Kumar."

We erupted into laughter once again, and Uttam-da joined in. Who knows what the man made of all this? He simply pedaled away at full speed and disappeared.

We had such a wonderful time that day, especially watching the expression on Uttam-da's face.

The other incident took place on the last day of shooting.

The scene required Uttam-da to drive a cycle rickshaw, with my sister sitting in it, as they travelled along a village road.

A rickshaw had been arranged, and my sister had taken her seat. Uttam-da sat in the driver's seat. The moment he released the brake and started pedalling, the rickshaw began veering to the left!

Everyone rushed to grab it before anything went wrong. There was quite a commotion.

The director wanted Uttam-da to shoot at least one portion of the scene from the front, with the camera capturing him. The remaining part could then be filmed from behind, with someone else driving the rickshaw. But Uttam-da firmly refused. "No, no! I can't do this. I'll end up killing myself!"

Just then, everyone suddenly saw my sister sitting in the driver's seat of the rickshaw, pedalling away at full speed!

Everyone was astonished. She went some distance, turned the rickshaw around and came back. As she returned, everyone burst into applause.

Uttam-da looked at her in amazement. "How on earth did you do that, Arati?" he asked, laughing. The truth was that my sister had always been a bit of a daredevil from childhood. Whenever she got hold of a rickshaw belonging to one of the rickshaw pullers at our maternal uncle's home in Chinsurah, she would take off with it at full speed.

That was quite a spectacle in itself!

But an even bigger spectacle was about to unfold. Uttam-da jokingly said, "Since Arati knows how to drive a rickshaw, let her drive it. I'll sit in the passenger seat!"

My sister protested, "How can that be? It would completely change the meaning of the story!"

The director wasn't willing to agree either. Anyway, the shooting was completed somehow, and Uttam-da managed to get one satisfactory shot.



There are many more incidents I remember, but those will have to wait for another day.

Times have changed. The tastes of audiences have changed, and so has the language of cinema. Yet Uttam Kumar's appeal remains undiminished.

The Mahanayak left us many years ago. But his films, his performances and his smile continue to remind us that some artists do not belong merely to their own time; they belong to eternity.

On his birth anniversary, I offer my humble tribute and heartfelt love to the Mahanayak, Uttam Kumar.

SWADES™
FOODS

INDIAN & INTERNATIONAL GROCERIES

BROWNS PLAINS

Coming Soon



1/129 Browns Plains Road,
Browns Plains, QLD 4118

Open 7 Days
9:30 AM – 9:30 PM

যো DIKHTA হ্যায়, WOH বিকতা HAIN....

By Tapas Mandal

পৌরাণিক মতানুযায়ী মহিষাসুর বধ করে মা দূর্গা দেবতাদের রক্ষা করেছিলেন, মর্তে শান্তি স্থাপন করেছিলেন, তেমনি মা কালী শুম্ভ-নিশুম্ভকে পরাজিত করেন আর শান্তি আসে সর্বলোকে। কিন্তু সত্যি কি সব অসুরেরা মরেছে? সত্যি কি পৃথিবী অসুর মুক্ত হয়েছে? নাকি আমাদের চারপাশের এমনকি আমাদের মনের অসুরের সাথে সহবাস করতে করতে আমরা অবচেতন মনে আমাদের মনের আর আসপাশের পরিবেশের মধ্যে তাদের কে গ্রহণ করে নিয়েছি? আমাদের মনের ভেতরের সেই অসুর হলো আমাদের ধর্মান্ধতা, দ্বিচারিতা, অসহিষ্ণুতা, লোভ, হিংসার মাধ্যমে বিরাজমান আর আমাদের আসে পাশের অসুর আমাদের আসে পাশেই বিরাজমান মুখোশের আড়ালে সব মানুষজন।

বর্তমান প্রেখ্যাপটে বছরের চারদিন আমরা মা দূর্গাকে ডাকি, বাকি ৩৬১ দিন অসুরদের সঙ্গেই থাকি, তাদের সামনে মাথা নিচু করি, তাদের আস্ফালনে ভয় পাই, তাদের ধ্বংস সন্ত্রাসকে সমীহ করি, তাদের ভয়েই আমরা কুঁকড়ে থাকি সারা বছর। তাই অসুরেরা মরেও মরে না, ফের বেঁচে ওঠে, বারবার বেঁচে ওঠে, পাড়ায়, গ্রামে, মহল্লায়, শহরে, নগরে, বন্দরে, মাঠে প্রান্তরে। আমরা পূজা করিনা - উৎসব করি, আমরা মন্ত্র বলিনা - উল্লাস করি, আমরা হৃদয়ে দেবীকে আহ্বান করিনা, মনের গ্লানি আর পাপকে নতুন জামাকাপড়ে ঢেকে রাখি, তাই প্যান্ডেলে প্যান্ডেলে বছর বছর প্রতিমা আসেন, মা আসেন না, আর অসুরেরা মরেও মরে না। আজকালকার অসুরদের অবয়ব, বেশ-ভূষা, চালচলন, সব কিন্তু অতীব সুস্বজ্যিত মার্জিত, তাদের দেখলে আমরা সমীহ করি, তাদেরকে ইচ্ছেয় বা অনিচ্ছার ভক্তি শ্রদ্ধা করি, তাদের মেকি আচার ব্যবহারের আমরা ভুলে থাকি, কিন্তু আমরা বুঝেও বুঝি না যে তারা আদতে আমাদের তিল তিল করে শেষ করছে। তারা করা? হ্যাঁ, আপনি যা ভাবছেন আমিও ঠিক সেটাই বলছি, তারা পুরুষ নারী সব রূপেই আমাদের মধ্যে বিরাজমান, তারা তাদের ক্ষমতা, ঐশ্বর্য, প্রতিপত্তি বৃদ্ধি করতে কোনো কুকর্ম বা অন্যায়ের পথ বেছে নিতে এক মুহূর্ত দ্বিধা করে না, তাদের ক্ষমতার শিখরে পৌঁছানোর জন্য অন্যায়ের যতটা নিচে নামতে হোক না কেন, তারা তা হাসিমুখে নির্লিপ্ত ভাবে তা করতে পারে, এমনকি তাদের সেই যাত্রায় আমি আপনি যদি কোনো ভাবে পথের কাঁটা হই তারা কিন্তু নির্দ্বিধায় আপনাকে আমাকে ভবের লীলা সাঙ্গ করিয়ে দেবে এক চুটকিতে, কি আমার কথা গুলো আপনার মনের কথার সাথে মিলে যাচ্ছে তো, আপনি শুধু ভাবছিলেন আর আমি সেটি বলে বা লিখে ফেললাম ।

আর একটু খোলসা করে বলি তাহলে, বিগত ১২-১৪ বছর ধরে একটা ট্রেন্ড বা একটা প্রবণতা হয় গেছে, (২১ বিংশ শতাব্দীর টেক যুগের উপহার) যে আমাদের নেতা-নেত্রীরা খুব সাবলীল অথচ দৃঢ় প্রত্যয় হয়ে এমন কথা আর মন্তব্য করে থাকেন যা নিয়ে আমরা হাসি ঠাট্টা করি, একে অপরকে সেগুলি ফরওয়ার্ড করি হয়তো ভাবি কি বোকারে সেই নেতা বা নেত্রী, কিন্তু সত্যি কি তারা বোকা না আমাদের বোকা বানাচ্ছে? আপনি কি ভাবছেন তারা জানে না বা বোঝে না কি বলছেন, কেন বলছেন, তাদের সম্পর্কে কি ধারণা হবে জনমানসে, তারা সম্পূর্ণভাবে তা বোঝেন সেটা এবং সেটা ভালোভাবে জেনে বুঝেই সেগুলি বলেন। সেটি তারা এই কারণেই বলেন, যার শিরোনাম আমার আজকের এই নিবন্ধ " যো দিখতা হ্যায় ও বিকতা হ্যায়" লোকে যেটা শুনবে সেটা নিয়ে চর্চা করবে, ব্যস্ত থাকবে, তাকে নিয়ে আলোচনা করবে, তাকে নিয়ে

পাড়ার রকে চলবে তর্কের ঝড়, তিনি থাকবেন সবার মুখে মুখে থুড়ি আজকের দুনিয়ায় মিমে মিমে।

কয়েকটি উদাহরণ দিয়ে বলি, হাম্বা-রাম্বা, এপাং-ওপাং তো আছেই, সঙ্গে বাবা কালী সহ নানান
উক্তি বা হাজারো মানুষের সামনে মঞ্চে বেসুরো রবীন্দ্রসঙ্গীত গাওয়া বা ভুল স্তোত্র পাঠ বা ভুল ইংরিজি বলা, গরুর দুধে সোনা, নালার গ্যাস থেকে আগুন জ্বালিয়ে চা তৈরী করা, বা মহাভারতের যুগে ইন্টারনেট ছিল বলা, হনুমান প্রথম অস্ট্রনট, গরুর কুঁজে সোনা পাওয়া যায়, গায়া – খতম ইত্যাদি এই সব কিন্তু আর কিচ্ছু, নয়, শুধু মাত্র প্রচারের আলোয় থাকার একটি সস্তা সহজ পন্থা, আজকাল ছোটোখাটো নেতা নেত্রীরাও তাই সাধারণ কিছু মানুষদের ওপর উল্টো পাল্টা কাজ করছে, ঠেলাওয়ালা সবজিওয়ালার ওপর হম্বিতম্বি দেখাচ্ছে, কোথাও গিয়ে অকারণ দাদাগিরি ভাঙ্গচুর করছে সাঙ্গপাঙ্গ নিয়ে, সেটাও কিন্তু সেই আবার প্রচারের আলোয় আসার জন্য।

এই ধারা বা ট্রেন্ড কিন্তু বহুকাল আগে থেকে প্রবাহমান। পাড়ার মাধ্যমিকে ভালো নম্বর বা ষ্টার পাওয়া অথবা রাজ্য বা জাতীয় ভিত্তিক তালিকায় প্রথম দ্বিতীয় বা তৃতীয় হওয়া বা গুণী কোনো বিশেষ মানুষদের হয়তো তার পাশের বাড়ির লোকজন ও তেমন চেনেননা, অথচ পাড়ার বখাটে মাস্তান বা উঠতি নেতাকে সবাই চেনে। সেই রাজ্য বা জাতীয় স্তরের স্থানাধিকারী কৃতি ছেলে-মেয়ে বা গুণী মানুষটির কোনো ভক্ত বা চলতি ভাষায় চামচে হয়না বা তাদের পাশে কাউকে দেখা যায় না, কিন্তু পাড়ার অপকর্ম করে হঠাৎ করে আগাছার মতো বেড়ে ওঠা নেতার পাশে দেখবেন, ১০ জন ঘিরে আছে সব সময়, ২৫ টা মোটরবাইক আরোহী ভক্তবৃন্দ সহ সর্বত্র তার আনাগোনা। হ্যাঁ, এটা আজ বিজ্ঞান সম্মত ভাবে প্রমাণিত যে ভালো জিনিসের থেকে খারাপ জিনিসটাই মানুষকে টানে বেশি, সেই কারণেই উচ্ছে ভাজা বাজারে কিনতে পাওয়া যায় না বা তার ষ্টল হয় না রাস্তার ধারে কিন্তু আলুর চপের দোকান প্রচুর, সেটা খেলে অম্বল হবে জেনেও মানুষ সেটা কিনে খাচ্ছে। নেগেটিভ পাবলিসিটির আকর্ষণ অনেক বেশি টানে আমাদের, এটা খুব স্বাভাবিক একটি মানসিক প্রবৃত্তি বা হিউমান নেচার। একটা মনোগ্রাহী বইয়ের থেকে চটকদার বইয়ের পাঠক সংখ্যা অনেক বেশি তার উদাহরণ রেল স্টেশন বা বাসস্ট্যান্ডে মাসিক পত্রিকার থেকে হলুদ সেলোফেনে মোড়া বইয়ের বিক্রি আর পাঠক সংখ্যা অনেক বেশি। আজ টুনির মার গান মিলিয়ন মিলিয়ন ভিউ ছাপিয়ে গেছে আর যাচ্ছে প্রতিদিন, কিন্তু বঁধু কোন আলো লাগলো চোখে গানটি বহু লোক আজ পর্যন্ত শোনেননি। সুন্দরী কামলা নাচে নির্মলেন্দু চৌধুরীর অরজিনাল ভার্সন বা আজকের ভাষায় অর্গানিক ভার্সন সোশ্যাল মিডিয়া বা ইউটিউবের পরিসংখ্যানে আজকের দিনে দাঁড়িয়ে শুনেছেন কয়েক হাজার মানুষ অথচ সুন্দরী কমলার রিমিক্স ভার্সন খুলে দেখুন মিলিয়ন মিলিয়ন ভিউ আর প্রতিনিয়ত সেটি বাড়ছে এটাই বাস্তব। তাহলে নেতা-নেত্রী, অভিনেতা-অভিনেত্রী কেন সেই সহজ উপায়টি গ্রহণ করবে না বলুন তো? এই ভাবে খুব তাড়াতাড়ি মানুষ জনের হাতে মুঠোফোনে পৌঁছে যাওয়া যায়, হোক না সেটা একটু অন্য রকম, তাতে কি এলো গেলো, তার মুখমন্ডল আর অবয়ব তো সবাই রাতারাতি চিনে যাবে, তাকে নিয়ে কথা হবে, তাকে মনে রাখবে, খারাপ ভালোর বিচার সেখানে যুক্তিহীন... যো দিখতা হ্যায় ও বিকতা হ্যায়।

আমি ঠিক না ভুল জানিনা তবে আমার নিজস্ব মতামত, এই ধারার প্রবর্তক আমাদের মাননীয় লালুপ্রসাদ যাদব মহাশয়। অনেকেই তাকে বোকা পলিটিশিয়ান বা নেতা বলতেন, তার বহু বিরোধী নেতা তাকে আনপড় গাওয়ার, অশিক্ষিত দেহাতী বলতেন। আমি বলবো তিনি ঠিক তার উল্টো, তিনি জানতেন তিনি ইংরিজি ভালো করে বলতে পারেন না, সেটা অনেকেই পারে না, আর আজকাল তো ভুলভাল ইংরিজি

অধিকাংশ প্রথম সারির নেতা-নেত্রীরা বলেন, যাই হোক সেই প্রসঙ্গ থাক, তাই লালুজি একদম তার নিজস্ব ভাষায় নিজস্ব স্টাইলে আর এক্সন্টে এমন এমন সব কথা, কমেন্ট বা পরিসংখ্যান দিতেন যা শুনে সবাই হাসতো আর তাতে তার পরিচিতি, জনপ্রিয়তা আরো বেড়ে যায়। তার দেখানো সেই পথ আজকের নেতারা আরো সুন্দর ভাবে সাজিয়ে টেক বা এআই আরো দৃষ্টিনন্দন বা শ্রুতিনন্দন করে জনসমক্ষে পেশ করছে। ভারতবর্ষের যে কোনো রাজ্যের যে কোনো প্রান্তেই আপনি যান, সেখানে সব রাজনৈতিক দলের নেতা নেত্রীদের কাট আউট আর পোস্টারে সর্বত্র ছয়লাপ আপনি দেখবেন, হ্যাঁ, আবারো বলছি সব রাজনৈতিক দল, যেখানে যার ক্ষমতা রয়েছে সেখানে তার আধিপত্য আরো বেশি তাতে দ্বিধা নেই, রাস্তা-ঘাট, রেলস্টেশন, এয়ারপোর্ট, পেট্রল স্টেশন, হাসপাতাল চত্বর, স্কুল কলেজের আসে পশে, কোথাও আপনি এর ব্যতিক্রম দেখবেন না, উল্টে এটি যেন আজকের দিনের নিয়ম বা প্রথা, নেতা-নেত্রীদের ছবি সর্বত্র ছড়াছড়ি যাতে তারা আমাদের চোখের বা নজরের বাইরে না যান, তাতে পরিবেশ বা দৃষ্টি দূষণের বাছ বিচার করার কিছু দরকার নেই। বহু ক্ষেত্রে তো দেখা যায় কোনো অনুষ্ঠানের ফলক বা তোরণদ্বার গুলি জুড়ে আছে নেতা-নেত্রীদের কাটআউট, আরো দুঃখের ব্যাপার হলো সুভাষ জয়ন্তী, রবীন্দ্রজয়ন্তী, গান্ধীজয়ন্তী বা বিবেকানন্দ জয়ন্তীর তোরণে- সুভাষ, রবিঠাকুর - গান্ধীজি বা বিবেকানন্দের ছবি খুঁজতে আপনার দূরবীন লাগবে, কারণ সেই তোরণে শুধু নেতা নেত্রীদের ছবি, মনীষীদের নয়, যাদের জন্য সেই অনুষ্ঠান তাদের ছবি নেই, এমন কি কোনো ধর্মীয় অনুষ্ঠানের জন্য হোর্ডিং-কাট আউট উক্ত অনুষ্ঠানের দেব-দেবীর ফটো নেতা নেত্রীর তুলনায় অতীব ক্ষুদ্র বা সেই রকম জায়গা পায়ন, ভগবান ওপর থেকে হয়তো মনে মনে বলেন... "একি হলো, কেন হলো, কবে হলো, কি যে হলো জানি নাতো"....

আজকের দুনিয়ায় সবাই বিখ্যাত হতে চাই, প্রখ্যাত অভিনেতা আন্ডি ওয়ারহোল একটি ভবিষ্যৎ বাণী করেছিলেন- "এমন একটি দিন আসবে যে পৃথিবীর প্রতিটি মানুষ ১৫ মিনিটের জন্যে হলেও বিখ্যাত হবে সেটা কিন্তু অক্ষরে অক্ষরে মিলে যাচ্ছে। আজ সোশ্যাল মিডিয়া, ফেসবুক, ইউটিউব তারপর এ-আই এর দৌলতে আমরা সবাই ডিজিটালি বা স্ক্রিনে পরিচিত, আমাদের হাজারো বন্ধু বা ফ্রেন্ড বিভিন্ন প্লাটফর্মে রয়েছে (যদিও তার মধ্যে ৯৯% জনের সাথে মৌখিক ভাবে বা কথা বার্তার আদান প্রদান হয়না কোনো
দিন), তারপর আমরা আরো পরিচিত আরো বিখ্যাত হতে চাই আর তারি যেন নিরবধি প্রতিযোগিতা চলছে। আজকাল তো গায়ক-গায়িকা, অভিনেতা-অভিনেত্রীরা কে কত ভালো গান করেন ,ভালো অভিনয় করে তা দিয়ে বিচার হয় না, বিচার হয় কার কত ফ্যান ফলোয়ার, যার যত বেশি সে তাতো বেশি জনপ্রিয়, তাদের গান করতে অভিনয় করতে তাতো বেশি ডাকা হয়, পরিচালক, প্রযোজক বা অনুষ্ঠানের উদ্যোক্তারা তাদের কদর করেন, কারণ তাদের জনপ্রিয়তা মানুষজন কে সেই গান সেই ছায়াছবি দেখতে আরো বেশি করে টানবে, আমি ঠিক বলছি কিনা বলুন? কি মিলে যাচ্ছে তো আমার এই লেখার শিরোনামটি।

এই বিখ্যাত হওয়াটাই আজকের দিনের ঘোড়দৌড়ের মতন প্রধান কাজ, সেটা যেন-তেনো প্রকারে পেতে হবে, ন্যায়-অন্যায়, ভালো-মন্দ, ভুল-ঠিক আর সর্বোপরি কে কি বললো বা ভাবলো তার তোয়াক্কা না করেই, প্রোডাক্ট বা বস্তুটি ভালো কি মন্দ সেটা বিচার্য নয়, সেটি আকর্ষক হতে হবে, গুণগত মানের বিচার না করেই, চটকদার হতে হবে,
ভেতরে গোবর আর ভুষি থাক তাতে ক্ষতি নেই, শুধু সব সময় মানুষ জনের নেক নজরে থাকতে হবে, কারণ- যো দিখতা হ্যায় ও বিকতা হ্যায়.....

EXPRESSING LOVE

By Ashok Vasandani

A lot of learned people advise us, "If you Love someone, you must tell them before it is too late". "If you love your parents, your spouse, your children – tell them that you love them before it is too late"

IS THAT REALLY SO?

DO YOU REALLY NEED TO TELL THEM, "THAT, YOU LOVE THEM."

I DON'T THINK SO.

Few days back I received a clipping on WhatsApp. It was about Expressing Love. The Speaker was narrating following incident from his own life:

Quote:

"My Father was a very tough guy. Never spoke much. Whenever you spoke to him his reply would be in monosyllable – Loud and Snarling type. This is how he behaved even when I met him after a gap of a month or two. I would be enthusiastic and would be expecting a pleasant conversation. But a simple question like, "how are you OR how is Mom" will generate a loud & snarling monosyllable reply "GOOD." That's all. In fact, it would be so discouraging that I would be scared to ask any further questions.

Right from my childhood days, I always wanted to ask him one question. But could never ask him because of his nature. Once, when he picked me up from airport and we were driving back, I somehow gathered the courage and asked him, "Dad, how come you have never, never ever, told me that You Love Me." He pulled up the car to a side. There followed uneasy silence. I was really scared of his reaction and was avoiding looking at him. But finally, when I did look at him, I was aghast with what I saw. He was crying. Tears rolling down his cheeks, his chin quivering. A tough man, a strong man, whom I had never seen even near crying, he was crying!!!

Finally, he said, "Son, don't you know that I love you???" "With tears in my eyes, I hugged him and told him, "Dad, I love you more than anything else."

And then, the speaker concludes, by his suggestion to audience:

"I was lucky, I clarified my childhood doubt with him. Because a few months later my father died. And I learnt the most important lesson of my life – "Say it, while You Can."

Speaker continues: When you love your parents – tell them so, when you love your children – tell them so, when you love your spouse – tell him / her so, when you love your friends – tell them so, when you love anyone – tell them so, while you have time. Else it may be too late."

Unquote

Really!!!

Is that really so?? Do you really need to tell all those whom you love, that you love them.

I DON'T THINK SO.

According to me, LOVE is an EMOTION. And you certainly do not need words to express your emotions.

In fact, we all have observed throughout our lives, that whenever we are experiencing emotional moments, our words always fail us.

Let me explain: ANGER is an emotion: Do you express your anger in words, "Hey listen, I am angry with you." OR, the anger gets displayed in your facial expressions, your body language, your aggressive stance, your shouting, your tone (not words) when you speak in Anger.

ANXIETY is an emotional state: Do you express it in words, "I am anxious," OR it

gets displayed in your behavior, doing things haphazardly, unnecessary haste etc.

FEAR is an emotion: When You come across face-to-face with an aggressive dog or any other animal, or a Thief trying to rob you at knife point, do you express your fear in words, "Oh!! I am afraid of you." Obviously not. You either run away, or hit back or shout for help.

Similarly, LOVE is an EMOTION. You don't need to express it in words. Love simply gets expressed. And believe me, the opposite person definitely experiences your love for him or her. In fact, if you need words to express it, then probably something is lacking in your love. Or maybe something is lacking in opposite person that he is not able to experience your love.

And what is lacking in the opposite person is EMOTIONAL SENSITIVITY.

This is exactly what happened between the son and father above. Son lacked emotional sensitivity and could never experience his father's love for him. That is why he felt the need to ask his father, "How come you have never told me that you love me."

That one insensitive question shook his father to the core and made him cry. If we further analyze the exact reason that made him cry – it was the pain associated with that question. His own son is questioning his love for him??

So, please believe, and firmly believe in the fact that, you definitely don't need words to express your love for anyone. With little bit of sensitivity, the opposite person will definitely experience it. When Animals (Your Pets) can sense your love, humans can definitely sense it.

In addition to emotional sensitivity, your love also gets expressed in the way you SERVE the person you love. It is obvious, isn't it? The person whom you love, you naturally serve him or her, out of love and affection.

Take for example the Love of a MOTHER for her child. Does she go on telling her child frequently, "I love you." OR, her love for her child is displayed in her every action of serving every need of her child. She will know exactly what her child needs at any particular time and she will ensure that her child gets it. If it is food – she will serve him with food; if it is attention – she will pay attention to the child; if it is studies – she will help the child with studies.

Every time, in every moment she is serving her child. That is how she expresses her Love for her child.

Same is true for FATHER. He will do everything to provide for his child's needs. He may not speak about it. He may not express openly about it. He may do it silently, but he will definitely do it. If sometimes if is out of his reach and means, he will definitely try his best to serve his child's needs. He will definitely do it.

This is true even for FRIENDS. You don't go on telling your friends, "I love you." Your love simply gets expressed. It gets displayed in the way you serve each other, help each other, support each other, act as emotional anchor for each other. It also gets expressed in the right you express on each other's time, availability, things etc.

And this is true for every relation, every person you love. You don't need to express it in words – SIMPLY SERVE them and with little bit of Sensitivity they will definitely experience your LOVE

You don't need to Express Love in words, just Serve your loved one

****

Ashok Vasandani
Author of well acclaimed books :
"MAGIC OF WHY" &
"Amar Shaheed Hemu Kalani – Leadership in Martyrdom"

স্মৃতির চিলেকোঠা থেকে

Recollections by Smt. Sheela Basu, written by Soumyabrata Sarkar

অনেকটা পথ হেঁটে এসেছি ...

এই গোধূলিবেলায়, আকাশের রংটা রাঙা হয়ে উঠেলেও , এ দেশের বসন্তের আকাশে মেঘের ভেলাগুলি ঠিক সেই ছোটবেলায় দেশের শরতের আকাশের মতন, যেন কত গল্প নিয়ে ভেসে চলেছে সব ।

যখন 'কাশফুল' এর জন্য কিছু বলবো বলে ভাবতে বসলাম, স্মৃতির চিলেকোঠায় স্তর পড়ে যাওয়া ধুলো গুলি ঝাড়তে গিয়ে দেখলাম , সব এখনো ছবির মতন পরিষ্কার। এখনও মরচে পড়েনি সেগুলিতে।

হয়তো অনেককে অনেক গল্প বলেছি, আবার হয়তো বলা হয়নি, কিন্তু বিগত সময়টা তো বেঁচে থাকে সেই গল্পগুলির মধ্যে দিয়েই, আজ আবার একটু স্মৃতিচারণ হোক ?

আমার জন্ম এক অত্যন্ত রক্ষণশীল ব্রাহ্ম পরিবারে । অনেকেই হয়তো জানো, যে, সাধারণ ব্রাহ্মসমাজ বা সনাতন ব্রাহ্ম আদর্শ অনুযায়ী দুর্গা পূজা উদযাপন করা হয় না। ব্রাহ্মধর্ম মূলত একেশ্বরবাদে (এক ঈশ্বরের উপাসনায়) বিশ্বাসী এবং তারা কোনো প্রকার মূর্তিপূজা সমর্থন করেন না।

সুতরাং খুব ছোটবেলায় দুর্গাপুজোর এক অন্যরকম মানে ছিল আমার কাছে । পুজোর ছুটি হলেই আমি, আমার দিদি , মা ও বাবা, সবাই মিলে চলে যেতাম ছুটি কাটাতে বাইরে কোথাও। সে যুগে তো খুব একটা ঘুরে বেড়ানোর চল ছিল না, তাও আমরা যেতাম মধুপুরে, বা গিরিডিহ্ যেতাম। গিরিডিহ্ তে আমার দাদামশাইয়ের একটা বাড়ি ছিল। মাঝে মধ্যে দেওঘরে গিয়েছি।

আমার বাবা'র বেশ ভালো হাট্টা-কাট্টা চেহারা ছিল , গিরিডিহ্ তে একটা ছোটো পাহাড় ছিল , নাম - 'ক্রিস্টিয়ান হিল ', আমাদের দুই বোনকে দুই কোলে নিয়ে বাবা গটগট করে পাহাড়ের ওপর চড়ে যেতেন। আমার দাদামশাইয়ের বাড়িটা খুব বড় ছিল, আর পাশেই মস্ত ধানক্ষেত । মনে পড়ে সেখানে বেশ অনেক হায়না আসতো, সারা রাত ডাকতো ।

আমরা থাকতাম চুঁচুড়ো তে। আর ঠিক গঙ্গা'র পাড়েই আমাদের বাড়ি ছিল । সেটা ছিল একটা ইংরেজ আমলের বাড়ি, বিরাট বিরাট জানালা আর যেন একদম গঙ্গা'র ওপরেই একটা বারান্দা । ওখানেই আমাদের ছোটবেলা কেটেছে। আমাদের দিব্যি সময় কেটে যেত ওখানেই। আমাদের কখনও বাইরে কারুর কাছে গিয়ে গল্প-আড্ডা দেওয়ার প্রয়োজন পড়েনি।

সেই বারান্দায় বসে মা, বাবা, আমি আর দিদি বসে খুব গল্প করতাম, নিজেদের মধ্যে সব শেয়ার করতাম। আমরা নিজেরাই নিজেদের মধ্যে খুব সুখী ছিলাম। সেটাই ছিল আমার জগৎ।

এই আমার মা-বাবাকে নিয়ে আমাদের জীবন খুব সম্পূর্ণ ছিল।

বাড়িতে পড়াশোনার খুব ভালো পরিবেশ ছিল। বাবা তো পড়াশোনায় খুব ভালো এবং কড়া ছিলেন বটেই, আমার মা'ও পড়াশোনায় খুবই ভালো ছিলেন। আমার মা খুব শান্ত ছিলেন কিন্তু একবার চোখের দৃষ্টিতে তাকালে বুঝতাম, এইবারে বিপদ আছে আমাদের কপালে।

আমার মা বলতেন যে, "আমি যদি একটা

কিছু পড়ি, আমি আর সেটা কখনো ভুলি না।"

যখন মা ছাত্রী , তখনকার দিনে নিয়ম ছিল যে, ১৬ বছরের বয়স না হলে ম্যাট্রিক পরীক্ষা দেওয়া যেত না। আমার দাদামশাই ব্রাহ্ম ছিলেন, এবং অত্যন্ত স্ট্রিক্ট প্রিন্সিপালের লোক ছিলেন।

আমার মা পরীক্ষায় বসার জন্য তৈরী থাকলেও তিনি বসতে দেন নি যেহেতু ১৬ বছর বয়স হয়নি বলে , বলেছিলেন যে, "না, এখনো পরীক্ষা দিতে পারবে না।"

মা'এর বয়স ১৬ বছর হলে ১৯১৭-এ ম্যাট্রিক পরীক্ষা দেন মা, এবং ক্যালকাটা ইউনিভার্সিটিতে মেয়েদের মধ্যে ফার্স্ট হন। তারপর ১৯১৯-এ আই এ পরীক্ষা দেন, ক্যালকাটা ইউনিভার্সিটিতে মেয়েদের মধ্যে ফার্স্ট হন। ১৯২১-এ গ্রাজুয়েট হন উইথ ম্যাথস, ফার্স্ট ক্লাস হয়ে জগত্তারিণী গোল্ড মেডেল পেয়েছিলেন। একটি খুব ইন্টারেষ্টিং ট্রিভিয়া : জগত্তারিণী মেডেল কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে দেওয়া হতো অসাধারণ এবং কৃতি ছাত্র-ছাত্রীদের কে, ১৯২১ সালে স্যার আশুতোষ মুখোপাধ্যায় তাঁর মা জগত্তারিণী দেবীর স্মরণে এই পদকটি প্রবর্তন করেন ।

আরেকটু পিছিয়ে যাই। সময়টা উনিশ শতক, আমার দাদামশাই খুব ছোটবেলায় তাঁর বাবাকে হারান, এবং কাকাদের দয়ায় পড়াশুনা করেন। অত্যন্ত মেধাবী ছাত্র ছিলেন তিনি এবং গিলক্রিস্ট স্কলারশিপ পেয়ে বিলেত যান ডাক্তারি পড়তে। সেই যুগে সেটা খুব বিরল ব্যাপার। যাই হোক, গেলেন তো ডাক্তারি পড়তে, কিন্তু দু বছর মোটামুটি পড়ার পর, একবার এক বিশ্ববিখ্যাত জিওলজিস্ট বা ভূতত্ত্ববিদ এর লেকচার শুনে এতটাই মুগ্ধ হন যে তিনি তখন ঠিক করেন তিনি ডাক্তারি ছেড়ে জিওলোজি পড়বেন। পরবর্তীকালে তিনি ইউনিভার্সিটি অফ লন্ডন থেকে ফার্স্ট ক্লাস ফার্স্ট পেয়ে উত্তীর্ণ হন জিওলোজি তে ।

দেশে ফিরে এসে আমার দিদিমা'কে বিয়ে করেন । আমার দিদিমা ছিলেন ১৮০০ শতাব্দীর ইংলিশ গ্রাজুয়েট, তখনকার সময় এটা ভাবাই যায় না।

বেথুন স্কুলের কলেজের হোস্টেলে থাকতেন দিদিমা , আমি পরে চিঠি দেখেছি যে আমার দিদিমা তখনকার দিনে ইংরেজিতে চিঠি লিখেছেন তাঁর বাবাকে, যে, "বাবা, can you ask my principal to change my subject from history to maths, because that's much easier." পরবর্তীকালে আমার মা এবং মাসি বোর্ডিং স্কুল এ পড়ে বড় হয়েছেন, কারণ বাবাকে বেশিরভাগ সময়ই দুর্গম বন-জঙ্গলে কাজের সুবাদে ঘুরে বেড়াতে হত।

আমাদের গড়পাড়ে একটা বাড়ি ছিল আর তার দুটো বাড়ি পরেই ছিল উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর বাড়ি। উনি সত্যজিৎ রায়ের ঠাকুরদা। সত্যজিৎ রায় সেই বাড়িতেই জন্মগ্রহণ করেছিলেন, বর্তমানে সেটা এখন এথেনিয়াম ইনস্টিটিউট বলে একটা স্কুল হয়েছে। দাদামশাই'এর আমলে, আমাদের বাড়িতে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, জগদীশচন্দ্র বোস, স্যার নীলরতন সরকার— এরকম সব মনীষীরা আমাদের বাড়ি খুব আসতেন।

আমি যখন বেথুনে ক্লাস ফাইভে পড়তাম, তখন বিজয়াদি - মানে সত্যজিৎ রায়ের স্ত্রীর কাছে আমি ইংলিশ এলোকিউশন পড়েছিলাম।

সত্যজিৎ রায়'এর পরিবার বেশ ঘনিষ্ট ছিলেন। আমার বাবার খুড়তুতো ভাই শরদিন্দু ঘোষাল ছিলেন বেশ পাটনা'র নাম করা TB স্পেশালিস্ট। তাঁর ছেলের বিয়ে হয় বিজয়াদি'র বড় দিদি'র একমাত্র মেয়ে গোপা'র সাথে। আমার তখন বয়স কুড়ি'র কাছাকাছি। আমরা বরযাত্রী গিয়েছিলাম, এবং বৌভাত টা হয় পাটনা তে, সেখানে ওস্তাদ বিসমিল্লাহ খান সানাই বাজিয়েছিলেন। মনে আছে, ট্রেন'এ তিনটি কামরা বুক করা হয়েছিল। রুমা গুহ ঠাকুরতা - তিনি তখন কিশোর কুমারের স্ত্রী, অমিত কুমার তখন ছোট্ট, বিজয়াদি এবং আরও আরও অনেকে আমরা সব এক কম্পার্টমেন্টে গেছিলাম, মহিলাদের

কম্পার্টমেন্ট।

আমি বাবাকে হারাই খুব অল্প বয়সে, BA পরীক্ষার ঠিক এক মাস আগে বাবা গত হন। দিদি আমার থেকে ২ বছর এর বড়। এই শরদিন্দু কাকাই আমার বিয়ের সময় বয়ঃজ্যেষ্ঠ হিসেবে আমার বিয়ে দেন। বিয়ে'র পরে অবশ্য আমরা দূর্গা পুজো দেখতে যেতাম এবং পালন করেছি। পরবর্তীকালে দেশে -বিদেশে ঘুরে ঘুরে আরো অনেক দেখেছি, শিখেছি, আরো কত অভিজ্ঞতা হয়েছে।

ঠিক যেমন, চিলেকোঠার একটা ছোটো ফাঁক দিয়ে একচিলতে রোদ এসে সব ঝলমল করে প্রাণবন্ত করে তোলে , পুরোনো কথা বলতে বলতে স্মৃতিগুলি যেন আবার করে তেমন ভাবে জেগে ওঠে । এর শেষ নেই, আবার হয়তো আরো অনেক কথা বলার সুযোগ হবে , নিয়ে আসবো আরো অনেক গল্পের সারি, ঝুলি থেকে।

শেষ করার আগে কবিগুরু'র কথায় :

"আমার আর হবে না দেরি—
আমি শুনেছি ওই বাজে তোমার ভেরী।
আমার স্বপন হল সারা,
এখন প্রাণে বাঁশি বাজায় সন্ধ্যাতারা।
দেবার মতো যা ছিল মোর
নাই কিছু আর হাতে,
তোমার আশীর্বাদের মালা
নেব কেবল মাথে
আমার ললাট ঘেরি—
আমার আর হবে না দেরি॥"



Mohini Sarkar

TOP IN TOWN

INDIAN RESTAURANTS

07 3195 3501 0476 528 660

1981 Logan Road, Upper Mt. Gravatt

TOP IN TOWN
Arabian Mandi
UPPER MOUNT GRAVATT

TOP IN TOWN
INDIAN RESTAURANTS
07 3195 3501 0406 898 891
1981 Logan Road, Upper Mt. Gravatt
UPPER MOUNT GRAVATT

MAA
Mandi Al Arabia
Where taste meets tradition
SLACKS CREEK

MOUTH WATERING RECIPES

By Pamela Sarkar

নীচে যেক'টা recipe share করলাম সবাই-ই হয়তো হাজার একবার বানিয়েছেন, তবুও ভাবলাম আমি যেমন করে বানাই একটু share করি! অনেকেই খেয়ে ভালো বলেছেন কিনা..

ছানাপোড়া

জগন্নাথ দেবের নাকি খুব পছন্দের! তবে খোদ উড়িষ্যাতে যেভাবে বানানো হয় সেভাবে হয়তো বানানো যাবে না.. তাই বিদেশ বিভুঁইয়ের ব্যবস্থায় যেরকম দাঁড়াবে সেটাই লিখছি:

দুধ - 1.5 lts full cream
সুজি - 3 tbsp
ঘি - 3 tbsp
চিনি - 1/2 cup
এলাচ গুঁড়ো - 1 pinch

দুধ থেকে ছানা বানিয়ে (টক দই দিয়ে কাটালে ভাল - ছানার জলটা আলাদা করে রেখে দিতে হবে), সেটার সঙ্গে সব ingredients মিশিয়ে ভাল করে চটকে মেখে নিতে হবে। মাখার সময় ছানার জল মিশিয়ে মিশিয়ে খানিকটা ইডলির batter এর মতো ঘন একটা batter তৈরি করতে হবে। একদম smooth করে মাখা যাবে না, একটু granular রাখতে হবে!
এবার একটা baking dish এ ঘি মাখিয়ে batter টা ঢেলে 180° conventional/ 160° fan-forced এ 40 minutes bake করতে হবে। ব্যাস্, তৈরী ছানাপোড়া!

সুজির হালুয়া

সব্বাই এতক্ষণে চোখ গোল গোল করে ভাবছে - আর কিছু কি পেলে না লেখার? ঠিকই তো! কিন্তু ওই যে, যেমন বানাই share করছি! ..বেজায় ভাল বলেছে অনেকে!
Actually, একটা মাপ আছে, চিনি জল, ঘি আর সুজির! এটা follow করলে প্রত্যেক বার একই রকম yummy হবে খেতে!

সুজি - ১ কাপ
চিনি - ১ কাপ
ঘি - ১/২ কাপ
জল - ৩ কাপ

(Ratio ঠিক রেখে পরিমাণ যে adjust করে নিতে হবে সেটা যদিও বলার অপেক্ষা রাখেনা)

শুকনো কড়াইয়ে সুজি টেলে নিয়ে, লালচে হয়ে এলে ভাল করে ঘিয়ের সঙ্গে মিশিয়ে নিতে হবে। এই সময়েই nuts, dry fruits যা মেশাবার মিশিয়ে নিতে হবে। এবার আলাদা একটা বাটিতে ৩ কাপ মাঝারি গরম জলে চিনিটা ভাল করে মিশিয়ে ঘিয়ে ভাজা সুজিটাতে আস্তে আস্তে ঢেলে দিতে হবে। এরপর ঘি ছেড়ে বেরিয়ে না আসা পর্যন্ত নাড়তে থাকতে হবে। শেষে ১ টেবিলচামচ ঘি মেশানো যায়, but optional.



HONOURING EVERY LIFE, EVERY CULTURE, EVERY TRADITION

Care, understanding and support when your family needs it most.

George Hartnett Metropolitan has supported Brisbane families for more than 145 years, taking the time to understand what matters most and create meaningful farewells.

CULTURALLY RESPECTFUL FUNERAL SERVICES

A farewell that reflects your loved one's beliefs, values, religion and heritage.

PERSONALISED SERVICES

Funeral and memorial services shaped around the unique story of each family.

MULTICULTURAL CARE

Support for many beliefs, religions and cultures, with translation assistance often available.

LOCAL BRISBANE SUPPORT

Twelve funeral homes across Brisbane, with local funeral directors ready to gulde families.

HERE 24/7

Support is available whether you need help now or want to plan ahead.

WE'RE READY TO HELP

Call 1300 662 172 • Available 24/7

George Hartnett Metropolitan Funerals
Honouring Lives

Somerville Funerals

POETIC REFLECTIONS

By Mrittika-Pamu (Nitzana Joshi)

Where does it hurt?

"Where does it hurt?"
The answer is easy when you're seven, and you've grazed your knee on the playground.
The remedy is even easier, a band aid and a kiss before you're on your way again.

"Where does it hurt?"
The answer is easy as you breathe through the cramps in your stomach from your first period.
The remedy is simple, a painkiller and a nap before you straighten up and continue on.

"Where does it hurt?"
The answer gets stuck in your throat as your heart splits in two, your very first heartbreak.
There's no easy fix or simple remedy, but you know time heals all wounds before you start again.

"Where does it hurt?"
The answer doesn't come.
How does one explain the hurt that comes from nothing and nowhere?
There is no quick fix or simple remedy for the hurt that haunts your heart.

Copyright © Mrittika-Pamu, 27th April 2026

Scraps

I can't have all of you, that much is clear.
So I'll take the scraps I can get, hold them tight, hold them dear.

They dig into my palms, cutting my hands open.
Crimson drips from my fingertips, your name interwoven.

Cries fall from my lips, as I beg and I plead.
You pull further away, leaving me desperate with need.

I claw at the shards you left behind,
The meaning of love playing a cruel joke on my mind.

You said it's for the best and maybe that was true.
But as I tear my heart out, all I can see in the pool of blood is you.

Copyright © Mrittika-Pamu, 8th September 2026

WHO AM I?

By Dr Sujata Guha

After retirement,
with no job, no routine,
and a quiet house echoing with silence…
I finally began to discover my true self.

Who am I?

I built bungalows,
raised farmhouses,
invested in ventures big and small,
yet now……I find myself bound within four simple walls.

From bicycle to moped, bike to car,
I chased speed and style —
but now, I walk slowly……alone, inside my room.

Nature smiled and asked,
"Who are you, dear friend?"
And I replied,"I am... just me."

I've visited states, countries, continents,
but today…….my journeys stretch
only from the drawing room to the kitchen.
I learned about cultures,status and traditions,
but now…….I simply long to understand
my own family.

Nature smiled again,
"Who are you, dear friend?"
And I said……."I am... just me."

Once I celebrated birthdays, engagements, and weddings in grand style—
but today, look forward to having slept well and need to feel hungry

Nature asked once more,
"Who are you, dear friend?"
And I answered,…."I am... just me."

Gold, silver, diamonds, pearls —
Are sleeping quietly in lockers.

Suits and blazers , glittering sarees —
hang untouched in wardrobes.
But now……I live in soft cotton attire ,
simple and free.

I once mastered English, French, Hindi —
but now, I find comfort in talking in my mother tongue.

I travelled endlessly for work,
And worried about those profits and losses
But now ……measure sharp and faded memories.
I ran businesses, Trust, company
nurtured a family, built many connections,
but now……..my dearest companion
is the kind neighbour next door.

I once followed every rule,
Strived in education —
but now…… I finally see what truly matters.
After all of life's highs and lows,
in a quiet moment,
my soul whispered back to me.

Enough now…….Get ready,
O Traveller, It's time to prepare for the final journey…
Nature smiled gently,
"Who are you, dear friend?"
And I replied……. It's just me!

"O Nature,
You are me……And I am you.
Once I soared in the skies,
Now I touch the earth with grace…….Forgive me…
Give me one more chance to live……
Not as a money-making machine, but as a true human being —
With values, with warmth of my family,
With unconditional love."

🍀 _To all 'Seniors' of my age there; wishing you love, strength, and peace._

তারার দেশে

By Subhro Basu

যখন সবাই ঘুমের দেশে থাকে,
যখন সবাই স্বপ্ন গুলো আঁকে,
তখন আমার ক্লান্ত নয়ন ভাসে,
জয় পরাজয় নিত্য ইতিহাসে।।

যখন সবাই নিদ্রা জাগরণে,
প্রফুল্লতায় প্রাণের পরশ আনে,
যখন কৃষক ধানের ফসল বোনে,
আমার বাঁশি আপনি বাজে মনে।।

যখন সবাই নিত্য কোলাহলে,
কর্ম দিয়ে ধর্ম নিয়ে ঝোলে,
যখন সবাই গরস মুখে তোলে,
ঝাপটা হাওয়া আমায় নিয়ে দোলে।।

যখন সবাই বিকেল বেলা হলে,
দোয়েল কোকিল মধুর ডাকের বোলে,
যখন সবাই ঘরের পথে চলে,
আমার আকাশ সবুর করো বলে।।

যখন সবাই সাঁঝের বেলা হলে,
দুয়ার দিয়ে আপন কথা বলে,
যখন সবাই লুকোচুরির ছলে,
জোৎস্না রাতে আঁধার কবচ খোলে।।

তখন যেন তারার দেশের পানে,
চুপটি করে সকল কথা শোনে,
মহাকাশে কোথাও তো প্রাণ আছে?
চলো না নিয়ে আমায় তাদের কাছে।।

তখন যেন লাভের চিন্তা তুলে,
রঙিন সাদা অচেনা কত না ফুলে,
অজানা পথের ফটক গুলো খুলে,
আলোর দেশে এক হব সব ভুলে।।

মায়ার পরে স্বর্গ নরক আছে,
ভাষার মাঝে প্রণের খেলাও আছে,
আলোয় মাখা ছায়ার পথ ও আছে,
আমার স্বপ্ন তাদের মাঝেই বাঁচে।।

শুভ্র বসু
২৫/১২/২০২০

Copyright@bsubhro_25122020 2026-09-13
From vivo Notes

MY DURGA PUJA EXPERIENCE

By Srija Sinha



I am Srija Sinha. I am a 7 years' old little girl. I live in Brisbane. I have went to Durga Puja since I was too little.

I have seen Durga Puja in Brisbane but never seen Durga Puja at Kolkata. However, my parents told me that Durga Puja is a big celebration and emotion throughout the year. People make special things. All people comes together and celebrate with songs and dances. It is very good experience to me.

Last year I gave flower to Maa Durga. And my mom told me it called Anjali. In Brisbane, lots of people come together to memorise these good memories.

My favourite part is that I got new dresses and my mom shared lot of information and photo about Durga Puja.







Green Biofuels Australia is working to develop and commercialise large scale zero emission liquid biofuel projects which can provide a diesel fuel alternative to the Australia's mining industry to meet with its regulatory obligations for decarbonisation.

Key Contacts:

Gour Choudhuri
Director-Technical and Co-founder
Email: Gour.Choudhuri@GreenBiofuels.com.au

Charles Easton
Managing Director and Co-founder
Email: Charles.Easton@GreenBiofuels.com.au

পুজো এল পুজো এল

By Sarbani Dhur



হারিয়ে যাওয়া ছেলেবেলা

By Gairik Majumdar

বিস্তৃত দিগন্তে মেলে ধরা ছাতা, ওই নীল নীলিমায়
প্রতিটি ভিন্ন অন্যটির থেকে, দিনব্যাপী রূপের বাহারি খেলায়
আর বৈপরীত্যে ভরা কমলা রঙের যে দুই উদ্ভাসিত ক্যানভাস
সূর্যোদয় যদি হয় জন্মের প্রতিভূ, সূর্যাস্ত তবে জীবন সায়াহ্নের প্রকাশ।

বাল্যকাল মানেই হলো আইস পাইস, লুকোচুরি, ধাপ্পা, সেয়ানে সেয়ানে
দাপিয়ে বেড়ানো, এ বাড়ির উঠোনে, ও বাড়ির চিলেকোঠায়, সে বাড়ির বাগানে
আর ছিল কুমিরডাঙ্গা, পিট্টু, লাট্টু, গাদি, চু কিত্ কিত্
বন্ধুদের সান্নিধ্যে শুধুই তো মজা, ছিল না কো কোনো হারজিত।

বিশ্বকর্মা পুজোর আগে সুতোয় মাঞ্জা দেওয়ার সে কি তোড়জোড়
ছাদে গিয়ে লাটাই হাতে ঘুড়ি ওড়ানো, সবাই মিলে ভোরভোর
পেটকাটি, চৌকাপ্পি, মোমবাতি, চাঁদিয়াল, ঘয়লা আর বোয়ালমারে
ভোকাট্টা - কোনো ঘুড়ি কাটতে হবে টেনে, কোনোটা বা কাটবে ছেড়ে।

ক্যাম্বিস বলেই তো খেলা, মারছে ছুড়ে, ভেজা ড্রেনের জলে
মনোজবাবু চিৎকার করে আসেন ছুটে, বল পড়েছে মাছের ঝোলে
সরু গলিটার মাঝামাঝি ইঁটের ওপর ইঁটে গাঁথা উইকেট
এই খেলেই তো হয়েছি বড়ো, ওটাই তো ছিল প্রাণের ক্রিকেট।

কাদাভরা মাঠে বৃষ্টিস্নাত উদোল গায়ে ফুটবলে মত্ত
নিখাদ, নিষ্পাপ আনন্দ আর ভালোলাগাই জীবনের শর্ত
ছুটে এসে দশ ফুটের স্যারারা মেরে চিৎপাত দামালের দল
জেতা হারার কে রাখে হিসেব, আমাদের কাছে ওটাই ছিল ফুটবল।

এখন, হাঁটতে গেলে হাঁটু করে টনটন, পাক ধরেছে কেশে
হাঁপের ব্যামো আঁকড়ে রয়েছে, দুই চোখেতে চালশে
কালি পড়েছে চোখের কোলে, বয়সের ছাপ স্পষ্ট
চলতে গেলে কোমর যায় বেঁকে, সয় না যে এই কষ্ট।

অবকাশে এখন কাটি তাই সেই ছেলেবেলার স্মৃতির জাবর
একাকিত্বের নিস্তরঙ্গ জীবনযাপন, রাখে না কেউ খবর
মনটা তবু হামাগুড়ি দেয়, চায় যে ছুটে পালাতে
আমাদের সাধের, আহ্লাদের, ভালোবাসার - সেই ছেলেবেলাতে।


16:29
21/05/2025
Mohini Parkar
Hosted Paris


Mohini Parkar
27/05/2025


26/05/2025


18:56
26/05/2025
Kafe & Hurnky


Mohini Parkar
17:27
24/05/2025
Fontaine Du Cirque



Nandini Mukherjee



Aarvi Mitra



Nilanjana Mukherjee



Abhipriti Dasgupta

Wishing everyone happiness and prosperity on the auspicious occasion of Durga Puja



দূর্গা পূজার শুভেচ্ছা ও অভিনন্দন

Susam Medical Pty Ltd



Avisha Saha



Subhro Sinha



Ritik Redan Ray Biswas



Aariv Goswami

AN IATA APPROVED AGENT, SERVING THE COMMUNITY SINCE 2002 IN QUEENSLAND

CONTACT US:

FOR SPECIAL AIRFARES TO INDIA/INDIAN-SUBCONTINENT/OTHER PARTS OF THE WORLD

WE, ALSO SPECIALISE IN ESCORTED TOURS TO INDIA/NEPAL/SRI LANKA/BHUTAN/OTHER PARTS OF THE WORLD.

CONTACT: Phone No. 07 3272 2825

Mobile No. 0412 031 301



IATA Accredited Agent

Tel No. 61 7 3272 2825 Email: shyamdas@targettraveltours.com.au
Postal Address: P O Box 1257, Sunnybank Hills Qld 4109, Australia
Website: www.targettraveltours.com.au



Pujo Donations

Sponsored By	Items
Dr. Shukla and Dr. Sukumar Chakraborty	Pujo Mandap Decoration
Mita and Prabir Haldar	Pujo Lighting
Dipanwita and Jayanta Sarkar	Puja Donation
Karollee Pollock and Dr. Ashish Das	
Prantika and Chitrabhanu Dasgupta	
Smriti and Arghya Mukherjee	
Moumita Mondal Ghosh and Rupam Mondal	Sandhi Puja
Mahua and Sanjoy Sen	
Ahana and Anirban Sen	
Chaitee Dutta Guha and Pinaki Guha	
Sangeeta and Kajol Ray Pradhan	
Era and Arup Palit	Puja Food
Dr. Krishna and Dr. Ashim Majumdar	
Dr. Indrani Ganguly and Dr. Jozef Latten	Puja Magazine Co-Sponsor
Pinki and Ranajit Das	Puja Fruits
Labanya and Samrat Mukherjee	Puja Phool
Sayak and Anamika Chakroborty	
Debadrita and Sarbarthasiddha Mukherjee	
Madhubanti and Debraj Mukherjee	Durga Puja Hom (Havan)
Dr Nivedita and Arun Dutta	Navami and Dashami Puja
Meghamala and Sudipto Roy	Children's Competition Gifts
Supriya Bose	Durga Puja Dhaaki
Pamela and Montu Sarkar	Puja Samagri
Poonam Cariappa-Roy	
Sulagna and Amit Basu	
Subhra and Late Manab Kar	
Sujata Hazra and Soumitra Rao	Deepavali Lighting
Guest	
Shaila Shetty	Puja Phool

MoreThan Home Loans

Stress-free finance solution provider

Bikash Sikder

Your Home Loan Specialist



0468 332 187

FOR YOUR :

- First Home Loan
- Land Loans
- Construction Finance
- Commercial Loans
- Refinances
- Consolidation Solutions
- Investment Loans
- Car & Equipment Finance
- Development Finance
- Business Loans
- SMSF Loans

BECAUSE:

We have 200+ Loan Products from over 30 Lenders/Banks

We do not charge you a fee but find you a better deal

We are licenced credit provider and specialised in Financial Strategy and Structure

Mob: 0468 332 187 I Email: bsikder@morethanhl.com.au I www.morethanhl.com.au

Licenced Credit Provider. Australian Credit License Number 384 324. ACR 442 683
MoreThan Financials Pty Ltd T/As MoreThan Home Loans. ABN 27617556000

Finding the right financing option can be challenging...



but begins with talking to a truly independent finance professional focused on the best outcome for you.

At Das Capital Finance, we do just that.

With access to over 40 lenders, we are able to offer you financial solutions tailored to meet your needs

Das Capital Finance

Mob: 0432678427 Email: info@dascapital.com.au

Over 20 Years' Experience

Over 20 years industry experience providing simple and best solutions to often complex needs and requirements.

Focus On Needs

Holistic view on client's finance needs, to achieve both short and long-term goals

Full Financial Services

Able to provide full financial service to clients, including Home Loans, Commercial & Business Finance, Equipment Finance, as well as SMSF Loans.

সবাইকে জানাই শারদ শুভেচ্ছা



superannuation
accounting
taxation
advisory

KUBER
TAX ADVISORS
Delivering your tax strategy